- ক্ষুদ্র নৃগোষ্ঠী দের জন্য পরিকল্পনা: ক্ষুদ্র নৃগোষ্ঠী দের অধিকার, জমি, অঞ্চল এবং সম্পদকে প্রভাবিত করতে পারে এমন প্রকল্পগুলির জন্য IPP/IPPF তৈরি করা। পরিকল্পনার সারসংক্ষেপ হচ্ছে সম্ভাব্য/কার্যকর প্রভাব এবং সাংস্কৃতিকভাবে/সামাজিকভাবে যথাযথ প্রশমনের ব্যবস্থার নথিভুক্ত করা।

- মনিটরিং: স্ট্যান্ডার্ড ৬ এর সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প নকশা যাচাই করার জন্য একটি অংশগ্রহণমূলক পদ্ধতি নিশ্চিত করা এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী দের সাথে প্রকল্প বাস্তবায়নের অংশগ্রহণমূলক যৌথ পর্যবেক্ষণের ব্যবস্থা নিশ্চিত করন।

৪.৩ জিসিএফ এর ক্ষুদ্র নৃগোষ্ঠী সংক্রান্ত নীতিমালা (GCF's Indigenous Peoples Policy)

জিসিএফ -এর ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের নীতি ২০১৮-এর লক্ষ্য হল জিসিএফ কার্যক্রমগুলি এমনভাবে প্রস্তুত এবং বাস্তবায়িত করা যার মাধ্যমে ক্ষুদ্র নৃগোষ্ঠী দের মর্যাদা, অধিকার, পরিচয়, আকাঙ্ক্ষা, প্রাকৃতিক সম্পদ-ভিত্তিক জীবিকা এর প্রতি পূর্ণ সম্মান এবং সক্রিয় সুরক্ষা এবং প্রচারকে উৎসাহিত করা, স্বায়ত্তশাসন, চরিত্র এবং সাংস্কৃতিক স্বতন্ত্রতা রক্ষায় একটি প্রক্রিয়া এবং প্রয়োজনীয়তা স্থাপন করা। নীতিমালার নির্দেশিকা বর্তমান এবং/অথবা প্রস্তাবিত জিসিএফ নীতি এবং আন্তর্জাতিক মানগুলির উপর ভিত্তি করে তৈরি করা। এই নীতির লক্ষ্য হল জলবায়ু পরিবর্তন প্রশমন এবং অভিযোজন কাজ করার সময় ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ অন্তর্ভুক্ত করতে GCF-কে সহায়তা করা। এই নীতিমালা জিসিএফকে ক্ষুদ্র নৃগোষ্ঠী দের উপর তার কার্যক্রমের প্রতিকূল প্রভাব পরীক্ষা, নিয়ন্ত্রণ, নির্মূল এবং কমাতে এবং সময়ের সাথে সাথে ফলাফল উন্নত করতে সহায়তা করবে।

নীতিমালার সামগ্রিক উদ্দেশ্য হল একটি কাঠামো প্রদান করা যাতে জিসিএফ কার্যক্রমগুলি ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায় এবং তাদের সদস্যদের মর্যাদা, মানবাধিকার এবং সাংস্কৃতিক স্বতন্ত্রতার প্রতি পূর্ণ সম্মান বজায় রেখে বিকশিত এবং বাস্তবায়িত করা হয় যাতে তারা (ক) সাংস্কৃতিকভাবে উপযুক্ত পদ্ধতিতে জিসিএফ কার্যক্রম এবং প্রকল্পগুলি থেকে উপকৃত হওয়া, এবং (b) জিসিএফ-অর্থায়নকৃত কার্যকলাপের নকশা ও বাস্তবায়নের ফলে ক্ষতি বা বিরূপ প্রভাবের শিকার হবেন না।

যেহেতু ইউএনডিপি এই প্রকল্পে জিসিএফ-এর আর্থিক সহায়তা বাস্তবায়নের জন্য স্বীকৃত সংস্থা, একারণে জিসিএফ ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের নীতিমালা মেনে চলার দায়িত্ব ইউএনডিপির এর উপর দিয়েছে এবং উভয় পক্ষই (জিসিএফ এবং ইউএনডিপি) সম্মত হয়েছে যে জিসিএফ এর নীতিমালা ইউএনডিপির এসইএস অনুসরণের মাধ্যমে পূরণ করা হবে। সুতরাং ইউএনডিপি এসইএস নীতিমালা অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়ন করা হবে।

৪.৪ সীমাবদ্ধতা বিশ্লেষণ এবং সীমাবদ্ধতা পূরণের ব্যবস্থা (Gap analysis and gap filling measures)

বাংলাদেশের সংবিধান ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের জন্য ইতিবাচক পদক্ষেপ নিশ্চিত করেছে এবং জাতি, ধর্ম বা জন্মস্থান অনুযায়ী বৈষম্যকে বেআইনি বলে ঘোষণা করেছে, যার ধারা ২৩(ক) অনুচ্ছেদে বলা হয়েছে, "দেশ ছোট ছোট জাতি, নৃগোষ্ঠী এবং সম্প্রদায়ের অনন্য স্থানীয় সংস্কৃতি এবং ঐতিহ্য রক্ষা এবং বিকাশের জন্য পদক্ষেপ গ্রহণ করবে।"। সংবিধানের ২৮ এর ৪ ধারায় বলা হয়েছে, সংবিধান দেশের নারী, শিশু বা পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়নে পথে এগিয়ে যাওয়ার লক্ষ্যে বিশেষ ব্যবস্থা গ্রহণ থেকে কেউ দেশকে বাধাগ্রস্ত করতে পারবে না। এখন পর্যন্ত বাংলাদেশ শুধুমাত্র চট্টগ্রাম পাহাড়ী ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের জন্য এই ধরনের বিশেষ বিধান স্থাপন করেছে। সুতরাং প্রকল্পতি ইউএনডিপির এসইএস ৬-এ ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের পক্ষে বিস্তারিত বিধান ব্যবহার করছে যতক্ষণ না বাংলাদেশ ক্ষুদ্র নৃগোষ্ঠী দের পক্ষে তার নিজস্ব দেশব্যাপী বিধান প্রতিষ্ঠা করে।

৫। সামাজিক এবং পরিবেশগত মূল্যায়ন এবং প্রশমন ব্যবস্থার সারাংশ (Summary of Social and Environmental Assessment and Mitigation Measures)

নিম্নলিখিত অধ্যায়টি, অধ্যায় ৫.১-এ প্রকল্পের ESMF ২০১৭ এবং IPPF ২০১৭ এবং অধ্যায় ৫.২-এর ফলাফল এবং সুপারিশগুলির একটি সারাংশ প্রদান করে। ১০১ টার্গেট ওয়ার্ডের ১২৫টি মুন্ডা পরিবারের সম্ভাব্য ঝুঁকি এবং প্রভাবের একটি মূল্যায়ন, তাদের জমি, অঞ্চল এবং সম্পদ, এই প্রতিকূল প্রভাবগুলি হ্রাস করার, প্রশমিত করতে বা ক্ষতিপূরণ দেওয়ার জন্য ব্যবস্থাগুলির একটি রূপরেখা প্রদান করে।

৫.১ প্রকল্পের ESMF ২০১৭ (Project's ESMF 2017)

প্রকল্প প্রস্তাবের অংশ হিসাবে ESMF প্রস্তুত করা হয়েছিল। ইউএনডিপি এসইএস-এর আলোকে প্রকল্পটিকে মধ্যম ক্যাটাগরি (GCF-এর বি ক্যাটাগরি) হিসাবে চিহ্নিত করা হয়েছিল। এটি প্রকল্পের জন্য প্রধান পরিবেশগত এবং সামাজিক সূচকগুলি (indicators) চিহ্নিত করেছে এবং সম্ভাব্য ব্যবস্থাপনা কৌশল, প্রভাব, নিরসন কার্যক্রম এবং পরিবেশগত কর্মক্ষমতার মানদণ্ডের রূপরেখা দিয়েছে যার বিরুদ্ধে এই সূচকগুলি বিচার করা হবে (যেমন-নিরীক্ষিত) । এর মধ্যে বিস্তারিত ব্যবস্থাপনা এবং পর্যবেক্ষণ পরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে-

- পরিবেশগত ব্যবস্থাপনা
- ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা
- ভূ-উপরিস্থ পানি ব্যবস্থাপনা
- মাটি ক্ষয়, পানি নিষ্কাশন এবং পলি নিয়ন্ত্রণ
- নয়েজ এবং ভাইব্রেশন ব্যবস্থাপনা
- বায়ুর গুণমান ব্যবস্থাপনা
- বর্জ্য ব্যবস্থাপনা
- সামাজিক ব্যবস্থাপনা
- প্রত্নতাত্ত্বিক এবং সাংস্কৃতিক ঐতিহ্য ব্যবস্থাপনা
- জরুরী অবস্থা ব্যবস্থাপনা

৫.২ ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগোষ্ঠীর উপর প্রকল্পের ঝুঁকি এবং সম্ভাব্য প্রভাব (Risks and potential impacts of the project on the Indigenous Peoples)

প্রকল্প প্রস্তুতি পর্যায়ে প্রকল্প দল উপসংহারে পৌঁছেছে যে "প্রকল্পটির মাধ্যমে ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগোষ্ঠীর উপর কোন বিরূপ প্রভাব নেই", তবে প্রকল্পের সুবিধাভোগীদের মধ্যে ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিবার রয়েছে যাদের সাথে পরামর্শ করা অব্যাহত থাকবে" (এসইএসপি ২০১৭:৯) । যাইহোক, এসইএসপি পরামর্শ দিয়েছে যে ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণ (মুন্ডা পরিবার) দুর্বল গোষ্ঠী হিসেবে বৈষম্য ইত্যাদির সম্মুখীন হতে পারে এবং ফলস্বরূপ দুর্বল পরিবারগুলিকে ইতিবাচক কার্যক্রমের মাধ্যমে সহায়তা করা উচিত যা নীচের সারণীতে বর্ণিত হয়েছে (এসইএসপি ২০১৭:৮)।

ঝুঁকির বিবরণ	ঝুঁকির মাত্রা নির্ধারণ	মন্তব্য	মূল্যায়ন ব্যবস্থা এবং ব্যবস্থাপনা
ঝুঁকি ১৫: দুর্বল গোষ্ঠীর (ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং হিন্দু ধর্মীয় সংখ্যালঘুদের) প্রতি বৈষম্য সহ সামাজিক দ্বন্দ্ব, সুবিধাভোগী নির্বাচনের চ্যালেঞ্জ এবং আন্তঃ-গৃহস্থালি সংঘর্ষ এবং/অথবা লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (GBV) বৃদ্ধির সম্ভাবনা	**মধ্যম**	অত্যন্ত দরিদ্র জাতিগত এবং ধর্মীয় সংখ্যালঘু গোষ্ঠী, যারা প্রায়শই বৈষম্যের শিকার হয়, তারা প্রকল্পের দুটি কর্ম জেলায় বসবাস করে। প্রকল্প এলাকায় বসবাসকারী চরম দরিদ্র হিন্দু পরিবার রয়েছে (সাতক্ষীরা এবং খুলনা উভয়ের জনসংখ্যার -৩০%), সেইসাথে মুন্ডা নৃগোষ্ঠীর অন্তর্গত ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিবার রয়েছে। এই গোষ্ঠীগুলি পানীয় জলের সুবিধা পেতে (সমাজ ভিত্তিক এবং প্রাতিষ্ঠানিক) এবং সেইসাথে জীবিকায় অংশগ্রহণের জন্য পছন্দের ক্ষেত্রে বৈষম্যের শিকার হতে পারে এবং উভয় ব্যবস্থার ক্ষেত্রেই উপেক্ষা করা হলে সংঘর্ষের ঝুঁকি রয়েছে। কিছু ঝুঁকিও রয়েছে যে লিঙ্গ রূপান্তরমূলক কর্মকাণ্ড সমাজের দ্বন্দ্ব এবং জেন্ডার ভিত্তিক সহিংসতা (জিবিভি) বাড়িয়ে তুলবে যা সমাজের জেন্ডার বিষয়ক আচার-আচারনকে এবং প্রকল্পের প্রাথমিক সুবিধাভোগী হিসাবে মহিলাদের অন্তর্ভুক্তিকে চ্যালেঞ্জ করে।	একটি কঠোর এবং স্বচ্ছ সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়া অনুসরণ করা হবে যেখানে নিশ্চিত করা হবে যে প্রকল্পের সুবিধাভোগী নির্বাচন করা হয়েছে প্রকল্পের জেলাগুলির মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণদের মধ্যে থেকে কোনও ধর্মীয় বা অন্যান্য ভিত্তিতে নয়। সুবিধাভোগী সম্প্রদায়ের সাথে মতবিনিময় ও পরামর্শ করে নির্বাচন প্রক্রিয়াটি পরিষ্কারভাবে নথিভুক্ত এবং ব্যাখ্যা করা হবে। চূড়ান্ত সুবিধাভোগী নির্বাচন আনুপাতিকভাবে সংখ্যালঘু জনসংখ্যাকে অন্তর্ভুক্ত করবে। বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থার জন্য স্থান নির্বাচনে জাতিগত সংখ্যালঘুদের একটি পৃথক পানীয় জলের ব্যবস্থা প্রদানে তাদের পছন্দকে অগ্রাধিকার দেয়া হবে এবং পরিবার ভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থার জন্য ওয়ার্ড পর্যায়ে সংখ্যালঘু পরিবারের জনসংখ্যার অনুপাতে প্রদান করা হবে। প্রকল্প মূল্যায়ন একটি মানবাধিকার-ভিত্তিক এবং সংঘাত সংবেদনশীল পদ্ধতি গ্রহণ করবে এবং নিশ্চিত করবে যে প্রকল্পের সুবিধাগুলি সুষমভাবে বিতরণ করা হয়েছে। কোনো দ্বন্দ্ব বা বৈষম্যের ক্ষেত্রে, সংখ্যালঘু গোষ্ঠীগুলি, অন্যান্য সমস্ত প্রকল্পের সুবিধাভোগীদের সাথে, প্রকল্প স্তরের অভিযোগ নিরসন পদ্ধতি এবং/অথবা UNDP-এর স্টেকহোল্ডার এবং জবাবদিহিতা পদ্ধতি এবং/অথবা GCF-এর স্বাধীন প্রতিকার পদ্ধতি ব্যবহার করে অভিযোগ দায়ের করতে পারবে। এই প্রকল্পের মধ্যে রয়েছে লিঙ্গ বিষয়ক সচেতনতা বৃদ্ধি, আচরন পরিবর্তন এবং মহিলাদের জন্য "উপযুক্ত কাজ"। GRM ফোকাল পয়েন্টকে সামাজিক প্রান্তিকতা সম্পর্কে সংবেদনশীলতার প্রশিক্ষণও দেওয়া হবে এবং GRM-কে লিঙ্গ-সংবেদনশীলও করা হবে। GBV সংক্রান্ত অভিযোগগুলি পরিচালনা করার জন্য মহিলা ফোকাল পয়েন্টকে প্রশিক্ষণের মাধ্যমে দায়িত্ব প্রদান করা হবে। প্রকল্পের নিরীক্ষণ এবং মূল্যায়ন বিভাগ অভ্যন্তরীণ দ্বন্দ্ব, GBV এবং সমাজের আচরন পরিবর্তনের বিষয়টি মূল্যায়ন করবে।

			প্রকল্পের জেন্ডার অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাকশন প্ল্যান (GAP)-এ এ-সম্পর্কিত ঝুঁকি চিহ্নিত করা হয়েছে এবং প্রশমন ব্যবস্থার পরামর্শ দেওয়া হয়েছে। GAP বাস্তবায়নের মাধ্যমে ঝুঁকি ব্যবস্থাপনা করা হবে।

টেবিল ৪: SESP ক্ষুদ্র নৃগোষ্ঠী দের উপর যে সকল সম্ভাব্য ঝুঁকি এবং প্রভাব চিহ্নিত করেছে

যাচাই-বাচাই এর মাধ্যমে কর্ম এলাকার ১০১ টি ওয়ার্ডের মধ্যে ০৭টি (৩৯টি ইউনিয়নের মধ্যে পাঁচটি) ওয়ার্ডে মুন্ডাদেরকে চিহ্নিত করা হয়েছে যারা প্রকল্পের ফেইজ ১-এর আওতাধীন থাকবে (অধ্যায় ৩ দেখুন)। মুন্ডাদের প্রান্তিককরণের নির্দিষ্ট ঝুঁকিগুলি আরও ভালভাবে বোঝার জন্য, প্রকল্পটি ১৪ জন প্রাপ্তবয়স্ক নারী এবং ৬ জন কিশোরীকে সম্পৃক্ত করেছে। এই সম্পৃক্ততার মাধ্যমে প্রকল্প জানতে পেরেছে প্রান্তিককরণের কারন সমূহ, এছাড়া ক্ষুদ্র নৃগোষ্ঠী মহিলাদের পানীয় জলের এবং কম কর্মসংস্থানের কি কি সমস্যা সমাধানে সুযোগ রয়েছে এবং নিম্নলিখিত ইতিবাচক পদক্ষেপগুলি চিহ্নিত করেছেঃ

ক। জীবিকা সহায়তা

- গবাদি পশু পালনে সহায়তা
- হাঁস-মুরগি পালন
- মাদুর তৈরি
- পশুপালনের (গরু/ছাগল) সুযোগ
- কুটির শিল্প

খ। তাদের একটু বেশি (পরিপূরক) খাদ্য সহায়তা প্রয়োজন যাতে তারা এক মাসের খাবার যোগান রাখতে পারে

গ। কার্যকরী পানীয়-জলের সরবরাহ ব্যবস্থা এবং স্যানিটেশন সুবিধা প্রয়োজন

ঘ। তাদের সন্তানদের জন্য সহায়তা প্রয়োজন যাতে তারা শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে পারে

ঙ। শীত মৌসুমের জন্য তাদের গরম কাপড় প্রয়োজন।

এই আইপিপি (২০২০/২১) এর খসড়া তৈরির প্রথম পর্যায়ে একজন জাতীয় কনসালটেন্ট প্রতিটি দলীয় আলচনায় ১০-১২ জন মুন্ডা অংশগ্রহণকারীদের সাথে নিয়ে ১২ টি দলীয় (ফোকাস গ্রুপ) আলোচনা পরিচালনা করেছেন যাতে মুন্ডা পরিবারের নির্দিষ্ট ঝুঁকি এবং দুর্বলতাগুলি আরও ভালভাবে বোঝা যায় এবং কীভাবে ঝুঁকিগুলি হ্রাস করা যায় এবং সামগ্রিকভাবে হ্রাস করা যায়। অন্যান্য সম্ভাব্য সুবিধাভোগীদের সাথে একই ধরণের আলোচনার মাধ্যমে প্রকল্পটি মুন্ডা অধিবাসিদের সাথে নিদিষ্ট ওয়ার্ডের মধ্যে নিম্নলিখিত উপ-প্রকল্পগুলি বাস্তবায়নের পরিকল্পনা করেছেঃ

জীবিকা সহায়তা উপ-প্রকল্পের ইউনিয়ন ভিত্তিক তালিকা												
উপজেলার নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগন		অভিযোজিত জীবিকা বৃদ্ধির বিকল্পগুলি থেকে উপকৃত হওয়ার জন্য দলের সংখ্যা							
			গ্রাম	খানা	তিল চাষ	বসত বাড়ীতে সব্জি চাষ	হাইড্রপনিক্স	অ্যাকুয়াজি ও পনিক্স	গাছের নার্সারি	কাঁকড়া চাষ	মাছ ও কাঁকড়ার খাবার প্রস্তুতকরণ	কাঁকড়ার নার্সারি
কয়রা	উত্তর বেদকাশী	৭	গাজিপাড়া	৩১	১	৩	১	৪	১	০	০	০
শ্যামনগর	বুরিগোয়ালিনী	৭	দাতিনাখালী	৩২	০	০	২	৩	০	৫	০	০
		৪	বুরিগোয়ালিনী	১১								
	আটুলিয়া	৪	মাগুরাকুনি	০৩	০	০	৩	৩	০	০	০	০
	গাবুরা	৫	পারশেমারি	১৩	০	১	১	০	০	২	০	০
		৭	ডুমুরিয়া	০৫	০	৪	১	০	০	৫	০	০
	রমজাননগর	৯	কালিঞ্চি	৩০	০	২	২	১	১	২	০	০

টেবিল ৫: আইপি এলাকায় জীবিকা নির্বাহ সংক্রাত প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প পরিকল্পনা

GCA প্রকল্প থেকে মুন্ডা সুবিধাভোগীরা প্রশিক্ষণ, জীবিকার কার্যক্রম এবং খানাভিত্তিক পানীয়-জল সমাধানের জন্য ইনপুট সহায়তা পেয়েছে। তারা দলবদ্ধভাবে কাজ করার মাধ্যমে নেতৃত্বের দক্ষতা অর্জন করেছে। প্রকল্পের মহিলা সুবিধাভোগীরা জীবিকা নির্বাহের কার্যক্রমে অংশ নিতে

তাদের পরিবারে কোনো সমস্যার সম্মুখীন হয়নি, বরং এটি তাদের লিঙ্গ বৈষম্য কমাতে সাহায্য করেছে। প্রকল্প কার্যক্রম তাদের সামাজিক গ্রহণযোগ্যতা ও মর্যাদাকেও উন্নত করেছে। তারা সামাজিক অপমান এবং বৈষম্য ছাড়াই মূলধারার জনগোষ্ঠীর সাথে একসাথে কাজ করে। প্রকল্প কার্যক্রম তাদের সামাজিক গ্রহণযোগ্যতা ও মর্যাদাকেও উন্নত করেছে। খানাভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থাগুলি পানীয় জলের জন্য তাদের দুর্ভোগ কমিয়েছে। উপরন্তু, এটি দূর থেকে পানি সংগ্রহের জন্য তাদের সময় এবং শ্রম বাঁচায় এবং তাদের সামাজিক মর্যাদা ও আত্মমর্যাদা বৃদ্ধি করেছে।

কর্ম পরিচালনার ওয়ার্ডগুলিতে চরম দরিদ্র মহিলাদের লক্ষ্য করে এবং মুন্ডা মহিলাদের বিবেচনায় রেখে সুবিধাভোগী নির্বাচন করা হয়েছে (অধ্যায় ৭ দেখুন), কিন্তু এই সাতটি গ্রাম/ও ওয়ার্ডে মুন্ডাদের জন্য জীবিকা সহায়তা উপ-প্রকল্প সংশ্লিষ্ট দুটি প্রধান ঝুঁকি আছেঃ

ঝুঁকি ১ (তাৎপর্য: মাঝারি; কার্যক্রম ১.১ এবং ৩ এর সাথে বেশিরভাগ সম্পর্কিত)ঃ সুবিধাভোগী থাকাকালীন, সিদ্ধান্ত গ্রহণকারী গ্রুপগুলিতে তাদের অ-প্রতিনিধিত্ব, দুর্বলতা, এবং বৈষম্যের কারণে দলীয় কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ হ্রাস করতে পারে। বেসলাইন জরিপের তথ্য অনুযায়ী মুন্ডা মহিলারা স্থানীয় বিদ্যমান গ্রুপগুলির সদস্য নয় এবং প্রকল্প থেকে ইতিবাচক পদক্ষেপ ছাড়া, মুন্ডা মহিলারা, জলবায়ু পরিবর্তন-জনিত লবণাক্ততা মোকাবেলায় সবচেয়ে ঝুঁকিপূর্ণ এবং এই প্রকল্প থেকে তাদের সমানভাবে উপকৃত হওয়ার সম্ভাবনা কম।

ঝুঁকি ২ (তাৎপর্য: মাঝারি; কার্যক্রম ১.১ এর সাথে বেশিরভাগ সম্পর্কিত): অধ্যায় ২-এ যেমনটি উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি জীবিকার কার্যক্রমের জন্য দলগুলিকে জমি ইজারা নিতে সহায়তা করবে। যেহেতু মুন্ডা পরিবারের, বেশিরভাগ ক্ষেত্রেই, ঐতিহ্যগতভাবে মালিকানাধীন এবং তাদের দ্বারা ব্যবহৃত জমি এবং সম্পদের কোন আইনি অধিকার নেই, বিশেষ করে ম্যানগ্রোভ, জলাভূমি এবং নদীগুলিতে, এই "অ-সীমাবদ্ধ" জমিগুলিকে গ্রুপ ভিত্তিক কার্যক্রমের জন্য লক্ষ্যবস্তু করার ঝুঁকি রয়েছে। যেহেতু মুন্ডাদের তাদের প্রথাগত অধিকার রক্ষার জন্য সীমিত প্রবেশাধিকার রয়েছে, তাই তাদের জমি গোষ্ঠীগত কার্যক্রমের জন্য ব্যবহার করা হলে তা থেকে তারা কোন লাভবান হবে না বরং তাদের অর্থনৈতিক স্থানচ্যুতি এবং আরও দরিদ্রতা বাড়বে।

এই ঝুঁকিগুলি এড়াতে এবং মোকাবেলা করার জন্য, প্রকল্পটি নিম্নলিখিত কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করতে পারে:

১। মুন্ডাদেরকে ৩০/৯/২০২৩ সালের আগে তাদের ঐতিহ্যগত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার ভিত্তিতে গ্রাম ও ওয়ার্ডের সাথে সম্পর্কিত প্রকল্পের সমস্ত পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াতে অন্তর্ভুক্তকরন।

২। মুন্ডাদেরকে তারা যে ওয়ার্ড/গ্রামে বাস করে সেখানে প্রকল্প কার্যক্রমের জন্য নির্ধারিত সমস্ত জমি নির্বাচন করার সময় তাদেরকে আমন্ত্রণ জানানো যাতে তারা ৩১/১২/২০২৩ এর আগে তাদের উদ্বেগ এবং দাবিগুলি প্রকাশ করতে পারে। ধরাযাক তারা কোনো নির্দিষ্ট জমিতে প্রথাগত মালিকানা বা তাদের অংশীদার দাবি করে, সেক্ষেত্রে, প্রকল্পটি শুধুমাত্র সংশ্লিষ্ট উপ-প্রকল্পে অর্থায়ন করবে যদি এই জমির সাথে সংযুক্ত মুন্ডা পরিবারগুলি এই উপ-প্রকল্পের জন্য তাদের প্রাক-অবহিতকরন ও সম্মতি (FPIC) প্রদান করে থাকে।

৩। ২০২৩ সাল শেষ হওয়ার আগে ১২৫টি মুন্ডা পরিবারের প্রত্যেককে তাদের পছন্দের ভিত্তিতে কমপক্ষে একটি জীবিকা সহায়তা উপ-প্রকল্পে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো (অধ্যায় ৬ দেখুন)

৪। ১২৫টি মুন্ডা পরিবারের প্রত্যেককে একটি RWHS প্রদান করা।

৫। পরিবেশগত, সামাজিক, স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি এবং জীবিকা সহায়তা কার্যক্রম এবং বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থার সম্ভাব্য ক্ষতিকর প্রভাবগুলি প্রশমন ব্যবস্থার মাধ্যমে সমাধান করার জন্য প্রকল্পের ESMF-এ বর্ণিত সু-প্রতিষ্ঠিত এবং পরীক্ষিত সমাধানগুলো বাস্তবায়ন করা।

৬। ৩১/১২/২০২৩ এর মধ্যে মুন্ডা গ্রামের মহিলা দল তৈরি/সক্রিয় করার সুবিধার্থে একটি যোগ্য মুন্ডা সংস্থা নিয়োগ করা। পরিষেবা প্রদানকারী সংস্থা গ্রুপ পরিচালনা করার জন্য ন্যূনতম প্রয়োজনীয়তা এবং পছন্দের জীবিকা সহায়তা উপপ্রকল্প বাস্তবায়নের জন্য মুন্ডাদের সক্ষমতা যাচাই/মূল্যায়ন করবে এবং প্রয়োজনীয় সক্ষমতা বাড়াবে এবং ব্যাকস্টপিং পরিষেবা প্রদান করবে। যদিও সাতটি গ্রামের সহায়তা পরিচালনা করার জন্য একটি দায়িত্ব দেয়া হবে কিন্তু এটি তাদের অগ্রাধিকার, তালিকাভুক্ত দলগুলির ক্ষমতা এবং মুন্ডা সম্প্রদায়ের পছন্দের উপর নির্ভর করবে।

৭। PMU-এর সেফগার্ড অফিসার UNDP-এর SES ৬-এর সাধারণ শর্তগুলির আলোকে IPP-এর বাস্তবায়ন ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করবেন।

৮। প্রকল্পের অভিযোগ নিরসন প্রক্রিয়ায় মুন্ডাদের সমান সুযোগ রয়েছে তা নিশ্চিত করার জন্য, সাতটি মুন্ডা বসতি গ্রামের প্রতিটির বর্তমান গ্রাম ব্যবস্থাপনা কাঠামো অভিযোগ রেকর্ড এবং ফাইল করার জন্য নিযুক্ত থাকবে, যেমনটি তারা প্রাক অবহিতকরন ও সম্মতি গ্রহণ (FPIC) পরামর্শের সময় অনুরোধ করেছিল। পরিষেবা প্রদানকারী সংস্থা তারপরে প্রকল্পের জিআরএম-প্রক্রিয়ার মাধ্যমে তাদের অভিযোগগুলি প্রক্রিয়াকরণ এবং নিস্পত্তির জন্য মুন্ডাদেরকে সহায়তা করবে এবং যদি এর ফলে পারস্পরিকভাবে গ্রহণযোগ্য সমাধান না হয়, তাহলে UNDP-এর স্টেকহোল্ডার এবং জবাবদিহিতা পদ্ধতি এবং/অথবা GCF-এর স্বাধীন প্রতিকার পদ্ধতির মাধ্যমে সমাধান করবে।

Union Wise Distribution of Drinking Water Subprojects								
উপজেলার নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগন		বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা (RWHS)			পুকুর ভিত্তিক ব্যবস্থা
			গ্রাম	খানা	খানা ভিত্তিক	সমাজ ভিত্তিক	প্রতিষ্ঠান ভিত্তিক	
কয়রা	উত্তর বেদকাশী	৭	গাজিপাড়া	৩১	৫০	১	০	০
শ্যামনগর	বুরিগোয়ালিনী	৭	দাতিনাখালী	৩২	২৬	৫০	০	০
		৪	বুরিগোয়ালিনী	১১				
	আটুলিয়া	৪	মাগুরাকুনি	০৩	৪৪	০	০	০
	গাবুরা	৫	পারশেমারি	১৩	৪৬	০	০	০
		৭	ডুমুরিয়া	০৫	৬৫	২	০	২
	রমজাননগর	৯	কালিঞ্চি	৩০	৫৭	১	০	০

টেবিল ৬: ক্ষুদ্র নৃগোষ্ঠী এলাকায় পানীয় জলের প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য প্রকল্প পরিকল্পনা

প্রকল্প এলাকার মানুষের স্বাস্থ্য ও মঙ্গলের জন্য পানীয় জলের উন্নত ব্যবস্থা অপরিহার্য। যেহেতু প্রকল্প দ্বারা প্রদত্ত ব্যবস্থাটি বৃষ্টির পানি সংগ্রহের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, তাই ব্যবস্থাটির মাধ্যমে খুব বেশি পরিবেশগত এবং সামাজিক প্রভাব খুব বেশি থাকবে বলে আশা করা যায় না বরং উৎপাদিত পানীয় জল ব্যবহার করে সকলে বাস্তব সুবিধা পাবে। তবে এর সাথে যুক্ত দুটি ঝুঁকি রয়েছে-

ঝুঁকি ৩ (তাৎপর্য: মাঝারি; কার্যক্রম ২.১ এবং ৩ এর সাথে বেশিরভাগ সম্পর্কিত): প্রধান ঝুঁকি হল যে ১২৫টি মুন্ডা পরিবার, তাদের প্রান্তিককরণ এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া থেকে দূরে অবস্থানের কারণে, পরিবারের কোনও RWHS নাও পেতে পারে এবং/অথবা সমাজ এবং/অথবা প্রাতিষ্ঠানিক ভিত্তিক ব্যবস্থার মাধ্যমে পানীয় জলের সরবরাহে সমান সুযোগ নাও পেতে পারে।

ঝুঁকি ৪ (তাৎপর্য: মাঝারি; কার্যক্রম ২.২ এর সাথে বেশিরভাগ সম্পর্কিত): প্রকল্পটি কমিউনিটি- এবং প্রাতিষ্ঠানিক ভিত্তিক পানি ব্যবস্থার নির্মাণ ও পরিচালনায় সহায়তা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে যদি সেগুলি সরকারী জমিতে প্রতিষ্ঠিত হবে। তাই, প্রকল্প-সম্পর্কিত স্থায়ী এবং/অথবা অস্থায়ী জমি অধিগ্রহণের ফলে মুন্ডা মালিকানাধীন, ব্যবহৃত বা দাবি করা জমি এবং/অথবা সম্পদকে প্রভাবিত করে তা জীবিকার উপ-প্রকল্প থেকে বাস্তুচ্যুত হওয়ার ঝুঁকি কম। যাইহোক, RWHS-এর জন্য যে অন্যান্য জমিগুলি ব্যবহার করা হয়েছে এবং/অথবা নির্দিষ্ট করা হয়েছে সেখানে সরকারী জমি সম্পর্কিত উত্তরাধিকার সংক্রান্ত সমস্যা রয়েছে, অর্থাৎ সরকারী মালিকানাধিন থাকা সত্ত্বেও সেখানে মুন্ডাদের দাবি রয়েছে।

এই ঝুঁকিগুলি এড়াতে এবং মোকাবেলা করার জন্য, প্রকল্পটি নিম্নলিখিত কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করতে পারে-

১। ২০২৩ সাল শেষ হওয়ার আগে সকল ১২৫টি মুন্ডা পরিবারকে একটি করে খানা ভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা প্রদান করা।

২। প্রশমন ব্যবস্থা ২ এর সাথে সূর মিলিয়ে, প্রকল্পটি ৩১/১২/২০২৩-এর আগে সমাজ ভিত্তিক এবং প্রাতিষ্ঠান ভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা-এর জন্য নির্ধারিত জমি নির্বাচন করার জন্য মুন্ডা পরিবারগুলিকে আমন্ত্রণ জানাবে এবং যদি মুন্ডারা এই জমির সাথে নিজেদের অধিকার দাবি করে, তাহলে প্রকল্পটি গ্রহণ করা হবে না। সংশ্লিষ্ট মুন্ডাদের সাথে 'প্রাক অবহিতকরণ ও সম্মতি গ্রহণ (FPIC)' ছাড়া নিদিষ্ট উপ-প্রকল্প (RWHS) গ্রহণ করা যাবে না।

৩। যারা সরকারি খাস জমিতে বসবাস করছেন তারা তাদের গ্রাম পর্যায়ের ব্যবস্থাপনা কমিটি, পানি ব্যবস্থাপনা কমিটি এবং মুন্ডা সংস্থার মাধ্যমে উপজেলা পর্যায়ের অভিযোগ নিরসন (জিআরএম) কমিটি এবং জেলা পর্যায়ের আপীল কমিটির কাছে যোগাযোগের সুযোগ পাবেন যাতে তাদের দখলকৃত জমি আনুষ্ঠানিকভাবে তাদের নামে বরাদ্দ করা হয়। খানা ভিত্তিক পানির ব্যবস্থা নির্মাণের জন্য, প্রকল্পটি পৃথকভাবে মুন্ডা খানাদের কাছ থেকে সম্মতি নিয়েছে এবং সমাজ ভিত্তিক / প্রতিষ্ঠান ভিত্তিক ব্যবস্থার জন্য প্রকল্পটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাছ থেকে অনাপত্তি সনদ নিয়েছে এবং প্রতিষ্ঠান, পানি ব্যবস্থাপনা কমিটি এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (DPHE) -এর মধ্যে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। সহকারী কমিশনার (ভূমি) উপজেলা পর্যায়ের জিআরএম কমিটির সভাপতি এবং স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক জেলা পর্যায়ের আপিল কমিটির সভাপতি। অতএব, জমির মালিকানার অধিকার সম্পর্কিত যেকোন অভিযোগ তাদের জানার মধ্যে থাকবে এবং উপযুক্ত সমাধান হবে। সমাজের কোনো অভিযোগ থাকলে প্রয়োজনে UNDP SECU এবং SRM প্রক্রিয়াতেও সমাধান করা যাবে।

৫.৩ ঝুঁকি প্রশমন কর্ম পরিকল্পনা (Risk mitigation action plan)

সংক্ষেপে, প্রকল্পটি নিম্নলিখিত কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করবেঃ

১। মুন্ডাদেরকে ৩০/৯/২০২৩ সালের আগে তাদের ঐতিহ্যগত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার ভিত্তিতে গ্রাম ও ওয়ার্ডের সাথে সম্পর্কিত প্রকল্পের সমস্ত পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াতে অন্তর্ভুক্তকরন।

২। মুন্ডাদেরকে তারা যে ওয়ার্ড/গ্রামে বাস করে সেখানে প্রকল্প কার্যক্রমের জন্য নির্ধারিত সমস্ত জমি নির্বাচন করার সময় তাদেরকে আমন্ত্রণ জানানো যাতে তারা ৩১/১২/২০২৩ এর আগে তাদের উদ্বেগ এবং দাবিগুলি প্রকাশ করতে পারে। ধরাযাক তারা কোনো নির্দিষ্ট জমিতে প্রথাগত মালিকানা বা তাদের অংশীদার দাবি করে, সেক্ষেত্রে, প্রকল্পটি শুধুমাত্র সংশ্লিষ্ট উপ-প্রকল্পে অর্থায়ন করবে যদি এই জমির সাথে সংযুক্ত মুন্ডা পরিবারগুলি এই উপ-প্রকল্পের জন্য তাদের প্রাক-অবহিতকরন ও সম্মতি (FPIC) প্রদান করে থাকে।

৩। ২০২৩ সাল শেষ হওয়ার আগে ১২৫টি মুন্ডা পরিবারের প্রত্যেককে তাদের পছন্দের ভিত্তিতে কমপক্ষে একটি জীবিকা সহায়তা উপ-প্রকল্পে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো (অধ্যায় ৬ দেখুন)

৪। ১২৫টি মুন্ডা পরিবারের প্রত্যেককে একটি RWHS প্রদান করা।

৫। ৩১/১২/২০২৩ এর মধ্যে মুন্ডা গ্রামের মহিলা দল তৈরি/সক্রিয় করার সুবিধার্থে একটি যোগ্য মুন্ডা সংস্থা নিয়োগ করা। পরিষেবা প্রদানকারী সংস্থা গ্রুপ পরিচালনা করার জন্য ন্যূনতম প্রয়োজনীয়তা এবং পছন্দের জীবিকা সহায়তা উপপ্রকল্প বাস্তবায়নের জন্য মুন্ডাদের সক্ষমতা যাচাই/মূল্যায়ন করবে এবং প্রয়োজনীয় সক্ষমতা বাড়াবে এবং ব্যাকস্টপিং পরিষেবা প্রদান করবে। যদিও সাতটি গ্রামের সহায়তা পরিচালনা করার জন্য একটি দায়িত্ব দেয়া হবে কিন্তু এটি তাদের অগ্রাধিকার, তালিকাভুক্ত দলগুলির ক্ষমতা এবং মুন্ডা সম্প্রদায়ের পছন্দের উপর নির্ভর করবে।

৬। PMU-এর সেফগার্ড অফিসার UNDP-এর SES ৬-এর সাধারণ শর্তগুলির আলোকে IPP-এর বাস্তবায়ন ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করবেন।

৭। প্রকল্পের অভিযোগ নিরসন প্রক্রিয়ায় মুন্ডাদের সমান সুযোগ রয়েছে তা নিশ্চিত করার জন্য, সাতটি মুন্ডা বসতি গ্রামের প্রতিটির বর্তমান গ্রাম ব্যবস্থাপনা কাঠামো অভিযোগ রেকর্ড এবং ফাইল করার জন্য নিযুক্ত থাকবে, যেমনটি তারা প্রাক অবহিতকরন ও সম্মতি গ্রহণ (FPIC) পরামর্শের সময় অনুরোধ করেছিল। পরিষেবা প্রদানকারী সংস্থা তারপরে প্রকল্পের জিআরএম-প্রক্রিয়ার মাধ্যমে তাদের অভিযোগগুলি প্রক্রিয়াকরণ এবং নিস্পত্তির জন্য মুন্ডাদেরকে সহায়তা করবে এবং যদি এর ফলে পারস্পরিকভাবে গ্রহণযোগ্য সমাধান না হয়, তাহলে UNDP-এর স্টেকহোল্ডার এবং জবাবদিহিতা পদ্ধতি এবং/অথবা GCF-এর স্বাধীন প্রতিকার পদ্ধতির মাধ্যমে সমাধান করবে।

তারা যে ওয়ার্ড/গ্রামে বাস করে সেখানে প্রকল্প কার্যক্রমের (জীবিকা সহায়তা কার্যক্রম এবং বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা) জন্য নির্ধারিত সমস্ত জমি নির্বাচন করার পদ্ধতি।

উপ-প্রকল্প বাস্তবায়নে সম্ভাব্য বিষয় বা কারন সমূহ:
১। অস্থায়ী বা স্থায়ী, এবং মুন্ডার সম্পূর্ণ বা আংশিক স্থানচ্যুতি?
প্রথম প্রশ্নটি ব্যক্তি বা সমাজকে তাদের বাড়ি বা প্রথাগত বসবাসের স্থান থেকে শারীরিকভাবে স্থানান্তরিত করার ঝুঁকি তুলে ধরে। এই ধরনের স্থানান্তর হতে পারে স্বল্পমেয়াদী, দীর্ঘমেয়াদী, আংশিক (শুধুমাত্র দখলকৃত এলাকার অংশ থেকে), অথবা সম্পূর্ণ (সম্পূর্ণ এলাকা থেকে)। যদিও একটি নির্দিষ্ট এলাকা দখলকারী ব্যক্তি ও সম্প্রদায়ের অধিকার ব্যক্তি ও সম্প্রদায়ের মধ্যে ভিন্ন হতে পারে এবং ক্ষতিপূরণ ও সহায়তার যোগ্যতা একই নাও হতে পারে, তবুও সকল ব্যক্তি এবং সম্প্রদায় যথাযথ প্রক্রিয়া এবং সুরক্ষা পাওয়ার অধিকারী।
২। অর্থনৈতিক স্থানচ্যুতি (যেমন ভূমি অধিগ্রহণ বা সুবিধা প্রাপ্তিতে বিধিনিষেধের কারণে সম্পদের ক্ষতি বা সম্পদের ব্যবহার – এমনকি শারীরিক স্থানান্তরের অনুপস্থিতিতেও)?
দ্বিতীয় প্রশ্নটি হল ব্যক্তি বা সমাজের কৃষিজমি, পানি সম্পদ, বন, বিশুদ্ধ বায়ু ইত্যাদি সহ তাদের জীবিকা ও জীবিকা নির্বাহের জন্য যে প্রাকৃতিক সম্পদের উপর নির্ভর করে সেগুলির ব্যবহার না করতে পারা বা হ্রাস পাওয়ার ঝুঁকি। আইন, নীতি, বা প্রবিধান এবং/অথবা প্রবেশ বা প্রবেশের ক্ষেত্রে শারীরিক বাধাগুলির মাধ্যমে সুযোগ কমে যেতে পারে। প্রবেশের ক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধকতার মধ্যে থাকতে পারে দেয়াল, গেট, সশস্ত্র কর্মী ইত্যাদি, এবং সম্পদের দূষণ বা অবক্ষয়। প্রবেশাধিকারের এই সমস্যা অস্থায়ী বা স্থায়ী হতে পারে। আবার, বাস্তুচ্যুত ব্যক্তি এবং সম্প্রদায়ের অধিকার পরিবর্তিত হতে পারে, তবে সকলেই যথাযথ প্রক্রিয়া এবং সুরক্ষা পাওয়ার অধিকারী (উপরের ২ নম্বর পয়েন্ট দেখুন)।
৩। জোরপূর্বক উচ্ছেদের ঝুঁকি?
তৃতীয় প্রশ্নটি বিবেচনা করা প্রয়োজন যে প্রস্তাবিত স্থানচ্যুতি কার্যক্রম আইনগত বা অন্যান্য সুরক্ষার উপযুক্ত বিধান এবং অ্যাক্সেস ছাড়াই ঘটতে পারে কিনা। জাতীয় আইন অনুযায়ী বাস্তুচ্যুত করা হয় না এবং আন্তর্জাতিক মানবাধিকার চুক্তির প্রয়োজনীয়তাগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ একটি 'জোরপূর্বক উচ্ছেদ' হিসাবে বিবেচিত হয় যা আন্তর্জাতিক আইনে কঠোরভাবে নিষিদ্ধ।
৪। ভূমি, অঞ্চল এবং/অথবা সম্পদের উপর ভূমি মেয়াদের ব্যবস্থা এবং/অথবা সমাজ ভিত্তিক সম্পত্তির অধিকার/প্রথাগত অধিকারের উপর প্রভাব বা পরিবর্তন?

এই প্রশ্নটির জন্য স্ক্রীনারদের বিবেচনা করতে হবে যে কার্যক্রমগুলির মাধ্যমে জমির মালিকানা অধিকারের সাথে সম্পর্কিত বা প্রভাবিত করা বা স্থানচ্যুতির দিকে নিয়ে যেতে পারে (ভৌত বা অর্থনৈতিক, আংশিক বা সম্পূর্ণ)। প্রকল্প এলাকায় (গুলি) জমির মালিকানা ব্যবস্থাগুলি সাবধানে পর্যালোচনা করা উচিত। উল্লেখযোগ্য কর্মকাণ্ডের মধ্যে রয়েছে 'ভূমি সংস্কার' এবং 'ভূমি জরিপ'। সরকারী নির্দেশিকাগুলি এই ধরনের কর্মকাণ্ডের সম্ভাব্য প্রভাবগুলি মোকাবেলা করার প্রয়োজনীয়তা এবং এটি কীভাবে করা যেতে পারে সে সম্পর্কে আরও বিস্তারিত তথ্য প্রদান করে।

ফটো ৩: এই আইপিপি প্রস্তুতিতে মুন্ডা পরিবারদের সাথে বৈঠক

৬। প্রাক-অবহিতকরণ ও সম্মতিগ্রহণ (FPIC) প্রক্রিয়া (Participation, Consultations and FPIC Processes)

প্রকল্প এবং ১২৫ মুন্ডা পরিবার কীভাবে প্রতিটি উপ-প্রকল্পের প্রস্তুতি এবং বাস্তবায়ন পর্যায়ে প্রাক-অবহিতকরন ও সম্মতি গ্রহণের মানদন্ড পূরণ করবে এই যোগাযোগ কাঠামোটি সে নীতি, কৌশল এবং কাঠামো বিশদভাবে বর্ণনা করে।

১২৫ টি মুন্ডা পরিবারের সাথে জড়িত সমস্ত, বিশেষত ক) এই আইপিপি চূড়ান্ত করার জন্য, খ) প্রশমন ব্যবস্থা ১, ২, ৩ এবং ৪ এর পরিকল্পনা এবং গ) ৫ এবং ৬ এর অধীনে পরিষেবা প্রদানকারী সংস্থা নির্বাচন করতে নিম্নলিখিত মৌলিক বিষয়গুলি অনুসরণ করবে বিশেষ করে ক্ষুদ্র নৃগোষ্ঠী দের সাথে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দিবে। সব এক্টরের উচিত-

- **নিয়ন্ত্রণ এবং দায়িত্ব ভাগ করে নেওয়া।** এমনকি যদি একজন অন্য পক্ষকে অযোগ্য, অনভিজ্ঞ এবং বিভিন্ন বিষয় দ্বারা পরিচালিত হয়। উভয় পক্ষকে যেভাবেই হোক একে অপরের সাথে সহযোগিতা করতে হবে, তাই একজনকে অন্য পক্ষের সক্ষমতা এবং দক্ষতা বাড়ানোর চেষ্টা করা উচিত এবং প্রক্রিয়াগুলির গতি বাড়ানোর জন্য সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে উৎসাহিত করা উচিত।
- **সার্বক্ষণিক নিরীক্ষণ এবং মূল্যায়ন।** এই আইপিপির মতো সামাজিক সুরক্ষার উপকরণগুলি বাংলাদেশের জন্য নতুন হাতিয়ার, এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী দের সাথে কাজ করা প্রকল্প দলের জন্য একটি নতুন কাজ। ফলস্বরূপ, দারিদ্র্য বিমোচন এবং ন্যায্য উন্নয়নের অভিন্ন লক্ষ্য অর্জনে সমস্ত অভিনেতাদের অবশ্যই বাস্তবায়নকারী সংস্থাগুলিকে সহায়তা করতে হবে। মুন্ডা নৃগোষ্ঠী তাদের ঐতিহ্যগত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণে অংশ নিতে আমন্ত্রণ জানানো কেবল বাস্তবায়নকারী সংস্থার দায়িত্ব নয়। আইপিপি এবং প্রকল্প বাস্তবায়নে যতটা সম্ভব অবদান রাখাও মুন্ডার দায়িত্ব।
- **জনসাধারণের অবহিতকরন এবং তাদের বক্তব্য।** কেউ অন্যদের চেয়ে ভাল জ্ঞান নিয়ে জন্মগ্রহণ করেনি, এবং প্রত্যেকেরই কিছু বলার আছে। যেহেতু জলবায়ু পরিবর্তন প্রত্যেককে প্রভাবিত করে এবং দক্ষ প্রশমন এবং অভিযোজন প্রত্যেকের অবদানের উপর ভিত্তি করে তৈরি হয়, তাই সকলকে সব ধরনের কর্মকান্ডে জড়িত হওয়ার জন্য অবহিত করা প্রয়োজন।
- **কাজ করার নতুন উপায় শিখার প্রস্তুতি।** যেহেতু প্রকল্পের সাফল্য প্রকল্প এলাকার সকল মানুষের সক্রিয় সহযোগিতার উপর নির্ভর করে, তাই প্রত্যেকেরই কিছু বলার আছে এবং কিছু অবদান রাখতে পারে। নতুন উপায় শেখার জন্য অন্যান্যরা কীভাবে সমস্যা সমাধান করে তা পর্যবেক্ষণ করা সুবিধাজনক কারণ ভবিষ্যতে নতুন চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য এবং অন্যের কাজ বোঝার জন্য আরও ভালভাবে প্রস্তুত হওয়া যায়।
- **প্রকল্প ব্যক্তিস্বার্থে ব্যবহার করা যাবে না।** একটি প্রকল্পে সবসময় ঝুঁকি থাকে যে কিছু ব্যক্তি প্রকল্পের সুবিধাগুলিকে ব্যক্তিগতকৃত করার চেষ্টা করে। এই সমস্যাগুলি ঘটে যখন লোকেরা যা ঘটছে তার সাথে পুরোপুরি জড়িত থাকে না, মিটিংয়ে আসে না, কথাবার্তা শোনে না এবং সেগুলি না পড়ে নথিতে স্বাক্ষর করে। যদি কেউ নীরব বা নিষ্ক্রিয় থাকে, তাহলে দায়িত্বে থাকা ব্যক্তিরা যা চান তা করতে পারেন। সুতরাং, তাদের ঐতিহ্যগত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় অংশ নেওয়া প্রত্যেকের দায়িত্ব।
- **ধৈর্যধারণ, তবে প্রতিশ্রুতি এবং প্রচেষ্টা অব্যাহত রাখা।** বিভিন্ন জাতি ও ভাষা গোষ্ঠীর মধ্যে যোগাযোগ সহজ কাজ নয়। আন্তঃসাংস্কৃতিক যোগাযোগে সীমিত সংখ্যক চ্যাম্পিয়নের উপস্থিতি, অতীতে কারো খারাপ অভিজ্ঞতা থাকতে পারে। তবে অনুমান করা উচিত, পূর্বের খারাপ স্মৃতি ভুলে যে কেউ দক্ষতা বাড়াতে পারে।
- **বিশ্বাস এবং রীতিনীতিকে সম্মান করা।** প্রকল্প এবং আইপিপির লক্ষ্য জলবায়ু পরিবর্তনের প্রভাব হ্রাস করা এবং দারিদ্র্য হ্রাসে অবদান রাখা। বৈচিত্র্য টিকিয়ে রাখার প্রথম ধাপ হল বিভিন্ন বিশ্বাস ও রীতিনীতিকে সম্মান করা।

৬.১ প্রশমন ব্যাবস্থা ২,৩ এবং ৪ এর জন্য FPIC প্রক্রিয়া (FPIC processes for mitigation measures 2,3&4)

যেমনটি আগে উল্লেখ করা হয়েছে, ইউএনডিপি-এর এসইএস সম্পূরক নির্দেশিকা এবং এফপিআইসি এফএকিউ-এর জন্য এফপিক নিশ্চিত করা প্রয়োজন যেগুলি ক্ষুদ্র নৃগোষ্ঠী দের অধিকার এবং স্বার্থ, জমি, অঞ্চল, সম্পদ, জীবিকা এবং সাংস্কৃতিক ঐতিহ্যকে ইতিবাচক বা নেতিবাচকভাবে প্রভাবিত করতে পারে। প্রকল্পটি মুন্ডা গ্রামে এফপিআইসি এবং নথিভুক্ত করবে যা ক) তাদের জন্য জীবিকা উপ-প্রকল্প, খ) তাদের জন্য বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থাপনা, এবং গ) জীবিকার উপ-প্রকল্প এবং সমাজ এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে RWHS -এর জন্য মুন্ডা কর্তৃক মালিকানাধীন, ব্যবহৃত

বা দাবি করা সম্পদের সাথে সম্পর্কিত জমির অধিকার। এই চারটি কার্যক্রমের জন্য (কার্যক্রম ১.১, ২.১, ২.২ এবং ৩), প্রকল্পটি নীচে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করবে:

অসংখ্য আন্তর্জাতিক এবং আঞ্চলিক উপকরণ এফপিক-কে একটি আইনী আদর্শ হিসেবে নিশ্চিত করেছে যেখানে স্পষ্ট ইতিবাচক কর্তব্য এবং বাধ্যবাধকতা লিপিবদ্ধ আছে যা বিভিন্ন পরিস্থিতিতে অনুসরণ করা উচিত। যদিও আন্তর্জাতিকভাবে এফপিক-এর কোনো একক সম্মত সংজ্ঞা নেই, এফপিক এর অন্তর্ভুক্ত এবং এর সম্মান, সুরক্ষা এবং উপভোগের গ্যারান্টি দেওয়ার জন্য যে ন্যূনতম পদক্ষেপগুলি নেওয়া আবশ্যক তার চারপাশে যথেষ্ট এবং ক্রমবর্ধমান ঐকমত্য রয়েছে। এফপিক-কে ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের নির্দিষ্ট প্রস্তাবিত পদক্ষেপগুলিকে অনুমোদন বা প্রত্যাখ্যান করার অধিকার হিসাবে বিবেচিত হয় যা তাদের প্রভাবিত করতে পারে, এবং এই জাতীয় সিদ্ধান্তে পৌঁছানোর প্রক্রিয়াটি ২০০৫ সালে ইউএনপিএফআইআই এর চতুর্থ অধিবেশনে অনুমোদিত নিম্নলিখিত সংজ্ঞাগুলির সাথে বিশেষ সঙ্গতিপূর্ণ হতে হবে।

FREE বলতে জোরপূর্বক, ভীতি প্রদর্শন বা কারসাজি ছাড়াই স্বেচ্ছায় প্রদত্ত সম্মতি বোঝায়। ফ্রি বলতে এমন একটি প্রক্রিয়াকে বোঝায় যা সম্প্রদায়ের দ্বারা স্ব-নির্দেশিত হওয়ার সম্মতি খোঁজা, জবরদস্তি, প্রত্যাশা বা টাইমলাইন যা বাহ্যিকভাবে আরোপ করা হয়েছে:

- স্টেকহোল্ডাররা প্রক্রিয়া, সময়রেখা এবং সিদ্ধান্ত গ্রহণের অবকাঠামো নির্ধারণ করে।
- তথ্য স্বচ্ছভাবে এবং উদ্দেশ্যমূলকভাবে স্টেকহোল্ডারদের অনুরোধে প্রদান করা হয়।
- প্রক্রিয়াটি জবরদস্তি, পক্ষপাত, শর্ত, ঘুষ বা পুরস্কার থেকে মুক্ত।
- মিটিং এবং সিদ্ধান্তগুলি স্থান এবং সময়ে এবং স্টেকহোল্ডারদের দ্বারা সিদ্ধান্ত নেওয়া ভাষা এবং বিন্যাসে সঞ্চালিত হওয়া;এবং
- লিঙ্গ, বয়স বা অবস্থান নির্বিশেষে স্বাধীনভাবে সকল সম্প্রদায়ের সদস্যরা অংশ নিতে পারবে।

PRIOR মানে কোনো অনুমোদন বা কার্যক্রম শুরু করার আগে পর্যাপ্তভাবে সম্মতি খোঁজা। পূর্ববর্তী বলতে একটি ক্রিয়া বা প্রক্রিয়ার আগে সময়কে বোঝায়যখন সম্মতি খোঁজা উচিত এবং যখন সম্মতি চাওয়া হয় এবং যখন সম্মতি দেয়া হয় বা আটকে রাখা হয়। পূর্ব অর্থ একটি উন্নয়ন বা বিনিয়োগ পরিকল্পনার প্রাথমিক পর্যায়ে, শুধুমাত্র তখনই নয় যখন সম্প্রদায়ের কাছ থেকে অনুমোদন নেওয়ার প্রয়োজন হয়:

- পূর্বে বোঝায় যে প্রস্তাবিত কার্যকলাপের তথ্য বুঝতে, অ্যাক্সেস এবং বিশ্লেষণ করার জন্য সময় দেওয়া হয়েছে। প্রযোজনীয়সময়ের পরিমাণ অধিকার-ধারীদের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার উপর নির্ভর করবে।
- ধারণা, নকশা, প্রস্তাব, তথ্য, নির্বাহ এবং পরবর্তী মূল্যায়ন সহ একটি কর্ম, প্রক্রিয়া বা বাস্তবায়নের ধাপের শুরুতে বা সূচনা করার আগে কার্যক্রম শুরু করার আগে তথ্য সরবরাহ করতে হবে; এবং
- অধিকার-ধারকদের দ্বারা নির্ধারিত সিদ্ধান্ত গ্রহণের সময়সীমাকে অবশ্যই সম্মান করতে হবে, কারণ এটি তাদের রীতিনীতি অনুসরণ করে বিবেচনাধীন কার্যকলাপগুলিকে বোঝা, বিশ্লেষণ এবং মূল্যায়ন করার জন্য প্রযোজনীয়সময়কে প্রতিফলিত করে।

INFORMED মানে কিভাবে সম্পৃক্ত করা যায় এবং সম্মতি চাওয়ার আগে এবং চলমান সম্মতি প্রক্রিয়ার অংশ হিসাবে যে তথ্য প্রদান করা উচিত তা বোঝায়। অবহিতকরন পদ্ধতি অবশ্যই-

- বোধগম্য, পরিষ্কার, সামঞ্জস্যপূর্ণ, সঠিক, নির্দিষ্ট এবং স্বচ্ছ হতে হবে।
- সহজবোধ্য ভাষা এবং সাংস্কৃতিকভাবে সঠিক বিন্যাসে (রেডিও, ভিডিও, গ্রাফিক্স, ডকুমেন্টারি, ফটো এবং মৌখিক উপস্থাপনা সহ) বিতরণ করা হবে।
- উদ্দেশ্যমূলক, প্রকল্পের কার্যক্রমের ইতিবাচক এবং নেতিবাচক সম্ভাবনা এবং সম্মতি প্রদান বা আটকে রাখার ফলাফল উভয়ই উপস্থাপন করতে হবে।
- সম্ভাব্য সামাজিক, আর্থিক, রাজনৈতিক, সাংস্কৃতিক, এবং পরিবেশগত প্রভাবগুলির পূর্ণ বর্ণনা সহ বৈজ্ঞানিক তথ্য সঠিক ভাষায় সরবরাহ করতে হবে।
- এমনভাবে বিতরণ করা হবে যা দেশীয় বা স্থানীয় সংস্কৃতিকে অখুন্ন রাখে।
- সাংস্কৃতিকভাবে সঠিক লোকেশনে যথাযথ কর্মীদের দ্বারা বিতরণ করা হবে এবং এতে ক্ষুদ্র নৃগোষ্ঠী বা স্থানীয় প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি অন্তর্ভুক্ত করতে হবে।
- বোঝা এবং যাচাই করার জন্য পর্যাপ্ত সময় দিয়ে বিতরণ করা হবে।
- সবচেয়ে প্রত্যন্ত, গ্রামীণ জনগোষ্ঠী, নারী এবং প্রান্তিকদের কাছে পৌঁছান; এবং
- এফপিক প্রক্রিয়া জুড়ে একটি চলমান এবং অবিচ্ছিন্ন ভিত্তিতে প্রদান করা হবে।

CONSENT বলতে সিদ্ধান্ত গ্রহনকারী এবং ক্ষতিগ্রস্ত মানুষ বা সম্প্রদায়ের প্রথাগত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া বিবেচনা করে সম্মিলিত সিদ্ধান্তে পৌঁছানো কে বোঝায়। প্রতিটি সম্প্রদায়ের নিজস্ব আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক রাজনৈতিক-প্রশাসনিক গতিশীলতা অনুসারে, সম্মত হওয়া, মঞ্জুর করা বা আটকানো উচিত। সম্মতি হল:

- একটি স্বাধীনভাবে প্রদত্ত সিদ্ধান্ত যা "হ্যাঁ" বা "না" হতে পারে, যদি প্রস্তাবিত কার্যকলাপগুলি পরিবর্তিত হয় বা যদি প্রস্তাবিত কার্যকলাপের সাথে প্রাসঙ্গিক বর্তমান তথ্য আবির্ভূত হয় তবে পছন্দসই পুনর্বিবেচনা করা।
- প্রভাবিত জনগণ (যেমন, ঐকমত্য, সংখ্যাগরিষ্ঠ, ইত্যাদি) তাদের রীতিনীতি এবং ঐতিহ্য অনুসরণ করে একটি যৌথ সিদ্ধান্তগ্রহন। অধিকারের অভিব্যক্তি (আত্ম-নিয়ন্ত্রণ, জমি, সম্পদ এবং অঞ্চল, সংস্কৃতি); এবং
- প্রকল্পে নির্দিষ্ট সময়ের জন্য অথবা প্রকল্প চলাকালীন পর্যায়গুলির জন্য পর্যায়ক্রমে সম্মতি দেওয়া বা আটকানো। এটি একটি একক প্রক্রিয়া নয়।

যদিও পরামর্শ প্রক্রিয়ার লক্ষ্য হবে প্রাসঙ্গিক পক্ষের মধ্যে একটি চুক্তি (সম্মতিতে) পৌঁছানো, এর অর্থ এই নয় যে সমস্ত এফপিক প্রক্রিয়া সিদ্ধান্ত গ্রহণকারীদের সম্মতিকে অগ্রাধিকার দেবে। এফপিআইসি-র মূলত সংশ্লিষ্ট ব্যক্তিদের জড়িত থাকার, আলোচনা করার এবং সম্মতি প্রদান বা আটকানোর সিদ্ধান্ত নেওয়ার অধিকার। এই প্রক্রিয়ায় আরো উল্লেখ থাকবে যে নির্দিষ্ট পরিস্থিতিতে মেনে নিতে হবে প্রকল্পটি এগোবে না এবং/অথবা অবশ্যই বন্ধ করতে হবে যদি ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা সিদ্ধান্ত নেয় যে তারা প্রকল্প চালিয়ে যেতে চায় না বা যদি তারা তাদের সম্মতি প্রত্যাহার করতে চায় (জিসিএ আইপিপি অপারেশনাল গাইডলাইন ৩.৩.৪-এ নির্দেশিকা এবং অধ্যায় ৩.৩.৬-এ সংশ্লিষ্ট চেকলিস্ট দেখুন)।

অস্ট্রেলিয়া, ফিলিপাইন এবং পেরুর মতো দেশগুলি তাদের জাতীয় আইনি কাঠামোতে এফপিক-কে অন্তর্ভুক্ত করেছে। এইভাবে প্রয়োজনীয়তাগুলি পরামর্শের আইনি প্রয়োজনের বাইরে চলে যায় (যেমন বলিভিয়া বা ইকুয়েডরে শ্বশুরবাড়ি) এবং ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগোষ্ঠীর দ্বারা লিখিত বা অন্যথায় নিশ্চিত সম্মতি পাওয়ার বাধ্যবাধকতা নির্ধারণ করে। (বিনামূল্যে পূর্ব ও অবহিত সম্মতি ই/সি.১৯/২০০৫/৩ সংক্রান্ত পদ্ধতি সম্পর্কিত আন্তর্জাতিক কর্মশালার প্রতিবেদন, ২০০৫ সালে UNPFII এর চতুর্থ অধিবেশনে অনুমোদিত।

৬.২ ইতিবাচক কর্ম এবং এই আইপিপি জন্য FPIC গ্রহণে যে জনসম্পৃক্ততা পরিচালিত হয়েছে

(Engagements conducted to obtain FPIC for affirmative actions and this IPP)

প্রকল্পটি নিম্নলিখিত প্রক্রিয়া বাস্তবায়ন করেছে (বিস্তারিত জানতে সংযুক্তি ৩ এবং ৪ দেখুন):

১। ২০২১ সালের নভেম্বরে, প্রকল্পটি চূড়ান্ত করার আগে মুন্ডা সম্প্রদায়ের সাথে একটি পরিবার-ভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণের জন্য 'অংশীদারিত্ব ফি' এবং কমিউনিটি/প্রতিষ্ঠান/পুকুর-ভিত্তিক পানীয়জল সুবিধার জন্য 'মাসিক অপারেশন এবং রক্ষণাবেক্ষণ ফি' সম্পর্কে আলোচনা করা হয়েছে। স্কিম পরিবার-ভিত্তিক পানীয়জল সুবিধার জন্য নির্বাচিত পরিবারগুলি ইতিমধ্যেই অংশীদারিত্ব ফি @৩০০০ টাকা অগ্রিম প্রদান করেছে। অন্যদিকে, যে পরিবারগুলি সম্প্রদায়/প্রতিষ্ঠান/পুকুর-ভিত্তিক পানীয়জলের সুবিধার জন্য নির্বাচিত হয়েছে তারা ওয়াটার ম্যানেজমেন্ট কমিটি (ডব্লিউএমসি) দ্বারা নির্ধারিত মাসিক ফি প্রদান করবে যেখানে মুন্ডা সম্প্রদায়ের প্রতিনিধিত্ব পাওয়া আবশ্যক। দক্ষিণ-পশ্চিম উপকূলীয় বাংলাদেশের সব সম্প্রদায়ের মধ্যে পানীয়জলের স্বাভাবিক মূল্য বিবেচনা করে, জিসিএ প্রকল্পের পানির মূল্য/অংশীদারিত্ব ফি/মাসিক ফি খুবই যুক্তিসঙ্গত এবং মুন্ডা সম্প্রদায়ের কাছে গ্রহণযোগ্য।

২। ২০২২ সালের নভেম্বরে, প্রকল্পটি সমস্ত গ্রামের সমস্ত মুন্ডা পরিবারের সাথে একটি বৈঠকের আয়োজন করেছিল যাতে মুন্ডাদের সংগঠন এবং মুন্ডাদের সাথে যারা কাজ করে, যেমন সুন্দরবন ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা সংস্থা (এসএএমএস) ইত্যাদির সহায়তায় এই আইপিপি নিয়ে আলোচনা এবং চূড়ান্ত করা। আলোচনা বাংলা থেকে অনুবাদ করার জন্য একটি মুন্ডা-স্পীকারের আয়োজন করে। প্রকল্পটি পর্যবেক্ষক হিসাবে প্রাসঙ্গিক সংস্থা এবং এনজিওগুলিকে আমন্ত্রণ জানায়।

এই প্রথম বৈঠকের পরিপ্রেক্ষিতে, প্রকল্পটি প্রকল্পের সমস্ত উপ-প্রকল্প এবং বিভিন্ন বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থাপনার প্রয়োজনীয়তার তথ্য সরবরাহ, সুবিধা এবং ঝুঁকিগুলি সহ কিছু সীমাবদ্ধতা তুলে ধরেছে। প্রকল্পটি মুন্ডাদেরকে অন্যান্য সমস্ত উপপ্রকল্প এবং বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থাপনা সম্পর্কে অবহিত করেছে এবং গ্রাম/ওয়ার্ড এবং সমস্ত আশেপাশের ওয়ার্ডগুলিতে বাস্তবায়িত হবে। তারপরে এটি অংশগ্রহণকারীদের তাদের জমি, সম্পদ, জমি এবং সম্পদ ব্যবহার এবং অন্যান্য দাবির সম্ভাব্য পুনারাবৃত্তির জন্য এই উপপ্রকল্পগুলি বাছাই করার জন্য আমন্ত্রণ জানায়। প্রকল্পটি অধ্যায় ৫-এ বর্ণিত ঝুঁকি এবং প্রশমন ব্যবস্থা, ৮ অধ্যায়ে সংক্ষিপ্ত প্রস্তাবিত সক্ষমতা বৃদ্ধি সমর্থন এবং অধ্যায় ৯-এ বর্ণিত প্রস্তাবিত লক্ষ্যবস্তু অভিযোগ প্রক্রিয়া এবং খসড়া আইপিপি-তে অন্যান্য বিধান উপস্থাপন করে। প্রকল্পটি কীভাবে অংশগ্রহণকারীরা ভবিষ্যতে যুক্ত হবে এবং যোগাযোগের উপায় এবং সমস্ত প্রশ্নের উত্তর দিতে, উদ্বেগগুলির প্রতিক্রিয়া জানাতে, ইত্যাদির জন্য নির্দেশিকা প্রয়োজন এবং মিটিং শেষ করার পূর্বে মুন্ডা এবং পর্যবেক্ষকদেরকে পর্যাপ্ত তথ্য সংগ্রহের জন্য সময় দেয়া । এছাড়া প্রকল্পটি মুন্ডাদের নিজেদের মধ্যে প্রাপ্ত তথ্য নিয়ে আলোচনা করার জন্য আমন্ত্রণ জানায় এবং যদি তারা ইচ্ছা করে অন্যদের সাথে পরামর্শ করতে পারে। অবশেষে তারা একটি ফলো-আপ মিটিং করবে তাদের অভ্যন্তরীণ আলোচনা এবং গ্রহনকৃত সিদ্ধান্ত সম্পর্কে প্রকল্পকে অবহিত করার জন্য।

৩। ২০২২ সালের ডিসেম্বরে, প্রকল্পটি মুন্ডা গ্রামগুলি পরিদর্শনে আসে উপরে উল্লিখিত বিষয়গুলির উপর মুন্ডাদের কাছ থেকে প্রতিক্রিয়া চাওয়ার জন্য। প্রকল্পটি নিম্নলিখিত আলোচনা নথিভুক্ত করেঃ

ক। মুন্ডা সম্প্রদায় পছন্দ করে কিনা এবং/অথবা করে (i) জীবিকা সহায়তা উপ-প্রকল্প এবং (ii) বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থাপনা এবং বর্তমান ডিজাইনে কোন পরিবর্তন করা উচিত কিনা ইত্যাদি,

খ। অন্য কোনো জীবিকার উপ-প্রকল্প এবং বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থাপনা তাদের জমি, সম্পদ, সাংস্কৃতিক ঐতিহ্য স্থান এবং/অথবা পৈতৃক অঞ্চলগুলির সাথে মিলে যাচ্ছে কিনা,

গ। প্রতিটি ওভারল্যাপের/ সমপাতিত জায়গার জন্য, মুন্ডা এই সাব-প্রকল্প/ বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থাপনা-তে সম্মতি দেয় কিনা এবং/অথবা এই সম্মতি দেওয়ার শর্ত আছে কিনা।

ঙ। পছন্দসই ভবিষ্যত সংযুক্তি প্রক্রিয়া, সংযুক্তির উপায়গুলি সহ,

চ। কীভাবে মুন্ডা ভবিষ্যতের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াগুলিতে অংশ নিতে চায় তার পদ্ধতি (এক বা একাধিক প্রতিনিধিকে যৌথ সভায় পাঠান, পৃথক মিটিং করা ইত্যাদি),

ছ। প্রস্তাবিত লক্ষ্যযুক্ত অভিযোগ ব্যবস্থা, যেখানে মুন্ডা গ্রামের অভিযোগ ব্যবস্থাপনা কমিটিতে প্রয়োজনীয় পরিবর্তন এবং/অথবা প্রতিনিধি যুক্ত করা

জ। আইপিপি বাস্তবায়নে পরিষেবা প্রদানকারী সংস্থাকে সমর্থন এবং পছন্দের সংস্থার কাজ সম্পর্কে মতামত এবং

ঝ। খসড়া আইপিপি সম্পর্কে তাদের মতামত এবং খসড়া আইপিপিতে তাদের সম্মতি প্রদান করার আগে পরিবর্তন করা দরকার কিনা।

৪। পিএমইউ সেফগার্ড অফিসার বছরে সমস্ত মুন্ডা গ্রাম পরিদর্শন করবেন। এই মিশনের সময়, তিনি এই আইপিপি মেনে চলার বিষয়ে মুন্ডাদের মতামত চাইবেন, তাদের জীবনযাত্রার মান এবং জীবিকা সম্পর্কে একটি সাধারণ আপডেট প্রদান করবেন, নির্বাচিত জীবিকার উপ-প্রকল্প এবং বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থাপনা এর বাস্তবায়ন অবস্থা, সুবিধা এবং প্রভাব সম্পর্কে অবহিত করবেন। এই পরামর্শের ফলাফলগুলি পর্যবেক্ষণ প্রতিবেদনে নথিভুক্ত করা হবে।

ছবি ৪: কর্ম-এলাকায় একটি গ্রামে মুন্ডা মহিলাদের জীবিকা

৭। উপযুক্ত সুবিধাসমূহ (Appropriate Benefits)

এই অধ্যায়টিতে আলোচনা করা হয়েছে কিভাবে প্রকল্পটি মুন্ডাদের সাংস্কৃতিকভাবে উপযুক্ত/ন্যায়সঙ্গত সামাজিক এবং অর্থনৈতিক সুবিধাগুলি নিশ্চিত করে এবং কিভাব মুন্ডাদের সাথে পরামর্শ এবং সম্মতি প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। অধ্যায় ২-এ আলচিত হয়েছে যে, মুন্ডা মহিলারা প্রকল্পের সুবিধাভোগী অন্যান্য দুর্বল মহিলাদের মতো জীবিকা সহায়তা উপ-প্রকল্পে অংশগ্রহণ করতে এবং প্রকল্প দ্বারা প্রদত্ত বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থাপনার যেকোনো একটি থেকে পানীয়জল পাওয়ার সমান অধিকার আছে। অধ্যায় ৫.২ এ ঝুঁকি চিহ্নিত করা হয়েছে যে মুন্ডারা তাদের দুর্বলতা, প্রান্তিকতা এবং বৈষম্যের কারণে, প্রকল্পের সুবিধাগুলি ভোগ করার সমান সুযোগ নাও পেতে পারে। এই আইপিপির মাধ্যমে, প্রকল্পটি ফলস্বরূপ মুন্ডা পরিবারের মহিলাদের নিম্নলিখিত সুবিধাগুলি প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে:

১। ১২৫টি মুন্ডা পরিবারের প্রত্যেককে তাদের পছন্দের ও সম্মতির ভিত্তিতে কমপক্ষে একটি জীবিকা সহায়তা উপ-প্রকল্পে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে (সংযোজন ৩ এবং ৪ দেখুন।

২। ১২৫টি মুন্ডা পরিবারের প্রত্যেককে একটি করে পরিবারভিত্তিক RWHS প্রদান করা। মুন্ডাদের সাথে পরামর্শ করার সময় (অধ্যায় ৩ এবং সংযোজনী ২, ৩ এবং ৪ দেখুন), অংশগ্রহণকারীরা উল্লেখ করেছেন যে পারিবারিক-স্তরের RWHS-এর ব্যবস্থাটি সম্পূর্ণরূপে মুন্ডাদের পছন্দের সাথে এবং সাংস্কৃতিকভাবে সামঞ্জস্যপূর্ণ।

অধ্যায় ৫.২-এ উল্লেখ করা হয়েছে, প্রকল্পটি একটি যোগ্য মুন্ডা সংস্থাকে নিয়োগ করবে যাতে মুন্ডাদের এই এবং অন্যান্য প্রকল্পের সুবিধাগুলির সমান অ্যাক্সেস থাকে। এটি ১২৫ টি মুন্ডা পরিবারের জন্য লক্ষ্যযুক্ত সহায়তা প্রদান করা উচিত, যেমন- ক) নারী দল শক্তিশালীকরণ এবং/অথবা গঠন খ) নির্বাচিত জীবিকা এবং বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থাপনা উপ-প্রকল্পগুলির পরিকল্পনা এবং বাস্তবায়ন, গ) তাদের সামগ্রিক সক্ষমতা বৃদ্ধি এবং ঘ) সাধারণ প্রযুক্তিগত সহায়তা প্রদান। আইপিপি পরিষেবা প্রদানকারীকে প্রকল্পে ক্ষুদ্র নৃগোষ্ঠী দের জ্ঞান, সিস্টেম এবং অনুশীলনের প্রচারের সুযোগ/সহ-সুবিধা চিহ্নিত করার দায়িত্ব দেওয়া হবে।

যদিও আইপিপি চিহ্নিত প্রকল্প সম্পর্কিত ঝুঁকিগুলিকে মোকাবেলা করে এবং ১২৫ টি মুন্ডা পরিবারকে জীবিকা বৃদ্ধির কার্যক্রম, পানীয়-জলের অ্যাক্সেস এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াগুলিতে অংশগ্রহণের অগ্রাধিকার প্রদান করে, এটি মুন্ডাদের সমস্ত বাঁধা অতিক্রম করতে সক্ষম হবে না। যাইহোক, এটি তাদের দুর্বলতা, প্রান্তিকতা এবং দারিদ্র্য হ্রাস করে এবং একটি প্রক্রিয়ার সমস্ত স্টেকহোল্ডারকে অন্যান্য সমস্যা যেমন জমিতে আইনি অধিকার ইত্যাদির সমাধান করতে সক্ষম করে।

৮। সক্ষমতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন (Capacity building and institutional development)

প্রশোমন পরিকল্পনা ১-এ উল্লেখ করা হয়েছে যে, মুন্ডা পরিবারগুলোর তাদের ঐতিহ্যগত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার উপর ভিত্তি করে প্রকল্পটি গ্রাম/ওয়ার্ডের সমস্ত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় সাথে তাদেরকে সম্পৃক্ত করবে। প্রশোমন পরিকল্পনা ৫-এ উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি ক্ষুদ্র নৃগোষ্ঠী দের সামাজিক, আইনি এবং প্রযুক্তিগত ক্ষমতাকে সমৃদ্ধ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যাতে তারা সমস্ত ক্ষতিগ্রস্ত মুন্ডাকে আরও ভাল এবং আরও কার্যকরভাবে প্রতিনিধিত্ব করতে সক্ষম হয়। এই অধ্যায়ে, তাই, এই আইপিপি-এর অধীনে বাধ্যবাধকতাগুলির সাথে সম্মতি জোরদার করার জন্য প্রাসঙ্গিক সরকারী প্রতিষ্ঠান এবং মুন্ডা সংস্থাগুলি বা সংস্থাগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে তাদের প্রযুক্তিগত এবং আইনি সক্ষমতাগুলিকে সমৃদ্ধ করার পদক্ষেপগুলির রূপরেখা উল্লেখ করা হয়েছে।

প্রকল্পের লক্ষ্যগুলির মধ্যে একটি হল সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠান এবং মুন্ডা সংস্থাগুলির প্রাতিষ্ঠানিক সক্ষমতাকে শক্তিশালী করা এবং জীবিকা এবং পানীয় জলের নিরাপত্তার জন্য জ্ঞান এবং শিক্ষার বিষয়ে জলবায়ু-ঝুঁকি সম্পর্কে অবহিত করা। এটির জন্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় প্রযুক্তিগত সক্ষমতা উন্নত করা হবে। এই আইপিপি-তে বর্ণিত চাহিদা এবং অগ্রাধিকারগুলির বাস্তবায়নে, বিশেষ করে জলবায়ু-সহনশীল জীবিকা বাস্তবায়ন, পানীয় জলের সমাধান এবং মুন্ডাকে শক্তিশালীকরণ ও সক্ষমতা বৃদ্ধির বিষয়ে বিশেষ গুরুত্ব আরপ করা হবে।

প্রকল্পটি মুন্ডা সংস্থাগুলির মধ্যে থেকে একটি বা দুটি সংস্থাকে নির্বাচন এবং দায়িত্ব প্রদান করবে যাতে করে তারা সক্ষমতা মূল্যায়ন পরিচালনা করার মাধ্যমে প্রকল্পের অর্থায়নকৃত জীবিকা সহায়তা উপ-প্রকল্প বাস্তবায়ন করার জন্য ন্যূনতম প্রয়োজনীয়তার ভিত্তিতে সক্ষমতা প্রদান করতে পারেন, উপকারভোগী নারীদের সক্ষমতা বৃদ্ধি করতে পারেন এবং ব্যাকস্টপিং পরিষেবা দিতে পারেন। যেহেতু মুন্ডা সংস্থাকে সক্ষমতা বৃদ্ধির জন্য নিয়োগ করা হবে, তাই মুন্ডা ফ্যাসিলিটেটরদের দ্বারা মুন্ডা ভাষা ব্যবহার করে প্রশিক্ষণ সেশনগুলি পরিচালনা করা হচ্ছে তা নিশ্চিত করা হবে।

যদিও সাতটি গ্রামের জন্য এই সহায়তা পরিচালনা করার জন্য একটি সংস্থাকে দায়িত্ব দেওয়া ভাল বলে মনে হয় কিন্তু এটি নির্ভর করবে সংস্থাটির সক্ষমতা এবং মুন্ডা সম্প্রদায়ের পছন্দের উপর। প্রকল্পটি ১২৫টি মুন্ডা পরিবারের সাথে এই প্রস্তাবটি যাচাই করবে এবং সাতটি মুন্ডা গ্রামের সাথে প্রাক-অবহিতকরন ও সম্মতি গ্রহণ (FPIC) প্রক্রিয়াটি সম্পন্ন করবে।

প্রকল্পটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রতিনিধি সহ, মুন্ডা প্রতিনিধি ও সংশ্লিষ্ট কর্মী এবং অংশীদারদের নিম্নলিখিত বিষয়গুলির উপর প্রশিক্ষণ প্রদান করবে-

- সরকার এবং মুন্ডা পরিবারগুলির সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প কার্যক্রমের উপর বর্ণনা
- প্রকল্প কার্যক্রমের সাথে যুক্ত ঝুঁকি মোকাবেলায় সম্ভাব্য প্রশোমন ব্যবস্থা
- এই আইপিপি বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা এবং
- ক্ষুদ্র নৃগোষ্ঠী দের অধিকার সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক আইন/নীতি/চুক্তি/প্রটোকল ইত্যাদি

অধিকন্তু, জলবায়ু পরিবর্তন অভিযোজনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ে একটি নলেজ পোর্টালও চালু করা হবে যার মাধ্যমে মুন্ডা সম্প্রদায়ের কার্যক্রম/ভূমিকাকে তুলে ধরা হবে, এবং মুন্ডাদের বাস্তব এবং সাংস্কৃতিক ঐতিহ্য সংক্রান্ত ঝুঁকি সম্পর্কে অবহিত করা হবে। GCA প্রকল্প বাস্তবায়নের সময়, মুন্ডা সম্প্রদায়গুলিকে তাদের জ্ঞান, প্রমাণ-ভিত্তিক শিক্ষা, সর্বোত্তম অনুশীলন ইত্যাদি MoWCA এবং অন্যান্য প্রকল্প অংশীদারদের কাছে উপস্থাপনের জন্য সুযোগ প্রদান করা হবে। এটি সরকারী প্রতিষ্ঠানগুলিকে প্রকল্প এলাকায় ক্ষুদ্র নৃগোষ্ঠী দের সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় সামাজিক, আইনি এবং প্রযুক্তিগত দক্ষতার উপর তাদের দক্ষতা বিকাশে সহায়তা করবে। একই সময়ে, ওয়েব পোর্টালটি মুন্ডাদেরকে বাংলাদেশের অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং তাদের সংগঠনের সাথে যুক্ত হতে সহায়তা করবে। প্রক্রিয়াটি প্রকল্পের কার্যক্রম এবং এর ভালো ফলাফলগুলিকে প্রচার-প্রসার এবং সম্প্রসারণে সহায়তা করবে। এই বিষয়ে, মুন্ডাদের জন্য GCA প্রকল্প থেকে প্রয়োজনীয় সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন যাতে তারা জানতে পারে কীভাবে যোগাযোগের মাধ্যমটি ব্যবহার করে MoWCA-র পাশাপাশি অন্যান্য সরকারী ও আন্তর্জাতিক সংস্থার সাথে সংযোগ স্থাপন করা যায়।

৮.১। কয়রায় মুন্ডা সংস্থার সক্ষমতা বৃদ্ধি ও প্রাতিষ্ঠানিক উন্নয়ন (Capacity Building and Institutional Development of Munda Organizations in Koyra)

কয়রা উপজেলায়, ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা বহুমুখী সমবায় সমিতি লিমিটেড মুন্ডা সম্প্রদায়গুলিকে সহায়তা করে। বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠী গ্রামে এই সংগঠনের প্রায় ২০১ জন সদস্য রয়েছে। প্রতি সপ্তাহে সদস্যরা সঞ্চয়ের জন্য ১০ টাকা করে জমা করে। সংস্থাটি মুন্ডা শিশুদের শিক্ষা বিস্তারে সহায়তা করে, যাদের চিকিৎসার জন্য সহায়তা প্রয়োজন তাদের চিকিৎসা সহায়তা দেয় এবং মুন্ডা বিবাহের ব্যবস্থা করে। সংস্থাটি সরকারের সমবায় বিভাগে নিবন্ধিত। ক্ষুদ্র নৃগোষ্ঠী দের আরেকটি সংগঠন ও "ক্ষুদ্র নৃগোষ্ঠী সমবায় সমিতি" কয়রাতে কাজ করে, তারা বিশেষ করে ক্ষুদ্রঋণ নিয়ে কাজ করে। এই দুটি সংস্থা কাঁকড়া চাষ, মাছ চাষ, কৃষি ইত্যাদির জন্য ঋণ প্রদান করে।

এই দুটি সংগঠন ছাড়াও স্থানীয় মহিলা নেত্রী সুমিত্রা মুন্ডা একটি মুন্ডা মহিলা সংগঠন "বড় বাড়ি মুন্ডা মহিলা সমবায় সমিতি" গঠন করেছিলেন। গ্রুপের প্রায় ৭০ জন সদস্য নিয়মিত সঞ্চয় জমা করছেন। সদস্যরা মাসিক ২০ টাকা করে জমা দিচ্ছেন এবং তাদের মোট মূলধন হয়েছে ৪০,০০০ টাকা। মহিলা সংস্থাটি মুন্ডা মহিলাদেরকে সবজি বাগান, ছোট ব্যবসা, কাঁকড়া চাষ ইত্যাদি সহ আয় বৃদ্ধির কাজে সহায়তা করে। বর্তমানে তারা শুধু বোরোবাড়ি গ্রামেই কাজ করছে, কিন্তু তারা সব মুন্ডা গ্রামে কার্যক্রম সম্প্রসারণ করতে চায়। তারা মুন্ডা সংস্কৃতি, গান এবং সামাজিক অনুষ্ঠান প্রচারের জন্য একটি সাংস্কৃতিক দল তৈরি করেছে। সুমিত্রা মুন্ডা বলেন, “আমরা সরকারের সমাজকল্যাণ বিভাগের সঙ্গে যোগাযোগ করেছি এবং কৃষকদের জন্য ৪০ কেজি ধানের বীজ সংগ্রহ করেছি। সেই ধানগুলো আমরা মুন্ডা চাষিদের মধ্যে বিতরণ করেছি। প্রতিটি মুন্ডা চাষি চাষের জন্য পাঁচ কেজি করে ধান পেয়েছেন।

ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা বহুমুখী সমবায় সমিতি লিমিটেড কয়রাতে সঞ্চয়, ঋণ কার্যক্রম এবং সামাজিক কল্যাণমূলক কর্মকাণ্ডের জন্য সহায়তা প্রদান করে। মহিলাদের প্রয়োজনীয়তা বিবেচনা করে, এটি একটি মহৎ উদ্যোগ যে মহিলারা তাদের সংস্থার উন্নয়নে, মহিলাদের জীবিকার উন্নয়নে, বাল্যবিবাহ বন্ধের পক্ষে এবং মুন্ডা সংস্কৃতির প্রচারে এগিয়ে আসছেন।

৮.২। শ্যামনগরে মুন্ডা সংস্থার সক্ষমতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন (Capacity Building and Institutional Development of Munda Organizations in Shyamanagar)

সুন্দরবন ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা সংস্থা (SAMS) ২০০৩ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। ফাদার লুইজি পাগি, যিনি মুন্ডাদের সাথে ২০ বছরেরও বেশি সময় ধরে কাজ করছেন, এই সংগঠনটি তৈরিতে শ্যামনগর মুন্ডা সম্প্রদায়কে সহায়তা করেছিলেন। SAMS-এর গভর্নিং বডির সকল সদস্য মুন্ডা সম্প্রদায়ের। SAMS শিক্ষার সহায়তা প্রদানের উপর দৃষ্টি নিবদ্ধ করে যাতে মুন্ডা সম্প্রদায়গুলি একটি উপযুক্ত উন্নয়ন লক্ষ্য তৈরি করতে পারে এবং সময়ের সাথে সাথে সরকারি এবং সমাজের অন্যান্য স্তরের সাথে আরও দক্ষতার সাথে যোগাযোগ করতে পারে।

বিভিন্ন মুন্ডা গ্রামে এফজিডি এবং কেআইআই পরিচালনা করার সময়, এটি স্পষ্ট প্রতীয়মান হয়েছে যে, SAMS উন্নয়ন কর্মকাণ্ডে পারস্পরিক বিশ্বাস এবং সমর্থন অর্জন করেছে। SAMS একটি সামগ্রিক পদ্ধতির মাধ্যমে কাজ করছে। সংস্থাটি শুধুমাত্র সঞ্চয় এবং ক্রেডিট প্রোগ্রাম পরিচালনা করে না বরং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় জীবিকা নির্বাহ করা সহ একাধিক সেক্টরে কাজ করে। তারা আবাসন এবং পানীয় জলের সমাধান, দুর্বল মুন্ডা পরিবারগুলির পুনর্বাসন, তাদের নিজস্ব সাদরি/মুন্ডা ভাষায় দুর্যোগের বার্তা প্রচার, যুব প্রশিক্ষণ প্রদান এবং তাদের নিজস্ব সংস্কৃতি প্রচারে সহায়তা করে। SAMS-এর কমিউনিটি এডুকেশন প্রোগ্রাম মুন্ডা শিশুদের বাংলা এবং সাদরি শিখতে সাহায্য করার সময় প্রাথমিক ভাষা হিসেবে মুন্ডা ভাষাকে ব্যবহার করে। SAMS একটি মানবাধিকারকে অগ্রাধিকার দিয়ে কার্যক্রম পরিচালনা করে এবং সচেতনতামূলক সভা, সেমিনার ইত্যাদির মাধ্যমে সরকারি এবং স্থানীয় প্রশাসনের সমর্থন আদায় করে। SAMS জনসচেতনতা বৃদ্ধিমূলক কাজ করে যাতে মূলধারার সমাজ মুন্ডাদের অধিকার, সংস্কৃতি, জীবনধারা এবং ধর্ম সম্পর্কে বুঝতে এবং জানতে পারে। এর ফলে আন্তঃসাংস্কৃতিক সহনশীলতা এবং গ্রহণযোগ্যতা বৃদ্ধি পেয়েছে।

SAMS আয় বৃদ্ধিমূলক কার্যক্রমেও সহায়তা করে। মানুষের জন্য ফাউন্ডেশন (MJF)-এর সহায়তায় বর্তমানে, SAMS বীজ, সার এবং কিছু আর্থিক সহায়তার প্যাকেজে হিসাবে প্রতি পরিবারকে ১০,০০০ টাকা করে প্রদান করছে। ধুংঘাট, ভেটখালি, রমজাননগর এবং ইসরিপুরের মতো কিছু এলাকায় চাল উৎপাদন করা যেতে পারে। কিছু এলাকা সুন্দরবনের কাছাকাছি, যেখানে SAMS কাঁকড়া চাষ, কুচে চাষ এবং চিংড়ি চাষের জন্য সহায়তা করে। SAMS মুদির দোকান এবং অন্যান্য ছোট ব্যবসা করতেও সাহায্য করে এবং বাড়ির আঙ্গিনায় সবজি চাষে সহায়তা করে যাতে মুন্ডা পরিবারগুলি মৌসুমী সবজি চাষ করতে পারে এবং যথেষ্ট পরিমাণ অর্থ সাশ্রয় করতে পারে।

সংগঠনটি গোপলাগঞ্জের বানিইয়ারচরের টেকনিক্যাল ট্রেডিং স্কুলে কিছু যুবককে পাঠিয়েছে যারা ইতিমধ্যে শিক্ষা শেষ করে দক্ষতা কাজে লাগিয়ে উপার্জনের চেষ্টা করছে। এই জায়গায় তারা ভিন্ন ভিন্ন ব্যবসার/বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করে। প্রশিক্ষণ শেষ করার পর, সেই যুবকদের ক্যারিটাসের (CARITAS)সহায়তায় আয়–রোজগারে প্রবেশের জন্য সহায়তা করা হয়।

৯। অভিযোগ নিরসন প্রক্রিয়া (Grievance Redress Mechanisms)

৯.১ সাধারণ বিধান (General Provisions)

যে কোনো প্রকল্প বাস্তবায়নের সময়, প্রকল্পের কার্যক্রমের কারণে একজন ব্যক্তি বা গোষ্ঠীর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। অভিযোগগুলি সামাজিক সমস্যাগুলির সাথে সম্পর্কিত হতে পারে যেমন যোগ্যতার মানদণ্ড অনুযায়ী উপকারভোগী নির্বাচন না হওয়া, বিদ্যমান লিঙ্গ নিয়মের ব্যাঘাত, যৌন শোষণ, প্রান্তিক গোষ্ঠীদের প্রকল্পের সুবিধাগুলিতে সমান সুযোগের অভাব, সমান পরিষেবা প্রদানে ব্যাঘাত, অস্থায়ী বা স্থায়ীভাবে জীবিকার ক্ষতি ইত্যাদি। অভিযোগগুলি পরিবেশগত সমস্যাগুলির সাথেও সম্পর্কিত হতে পারে যেমন পানীয়-জলের মানের উপর প্রভাব, নির্মাণ বা কাঁচামাল পরিবহনের কারণে অবকাঠামোর ক্ষতি, শব্দ দূষণ, জীবিকা বাস্তবায়নের সময় বেসরকারী/সরকারি উপরিভাগের বা ভূ-পৃষ্ঠের পানি সম্পদের গুণমান বা পানির প্রবাহে বাঁধা, বসতবাড়ির বাগান ও কৃষি জমির ক্ষতি ইত্যাদি।

    - আম্ফানের আগে এই অঞ্চলে অনেক গাছ ছিল। অঞ্চলটি ছিল গাছ দ্বারা আবৃত। আম্ফানের আগে জায়গাটি সবুজে ঢাকা থাকার কারণে কিছু দেখা যেত না। প্রতিটি বাড়ি গাছ এবং বাগান সবুজে আচ্ছাদিত ছিল। আমাদের সব ধরণের ফলের গাছ ছিল। এখন সব শেষ। আইলার চেয়ে আম্ফানের নেতিবাচক প্রভাব অনেক বেশি" এফজিডি চলাকালীন সময় এমনটাই বলেন, বনোবাশি মুন্ডা (৪০), গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা, খুলনা।
    - বসতবাড়ি পর্যায়ে গরু, ছাগল ও হাঁস-মুরগির পালন উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। কারণ তারা তাদের গবাদি পশুর জন্য খাদ্য সরবরাহ করতে পারছেনা এবং পশুর খাবারের দাম খুব বেশি। পোল্ডারে বিভিন্ন অংশ ভেঙ্গে যাবার ফলে লবণাক্ত পানি কৃষিজমিতে প্রবেশ করে। যতক্ষণ না পর্যন্ত পোল্ডরের ভেঙ্গে যাওয়া অংশগুলো মেরামত করা হচ্ছে, ততক্ষণ পর্যন্ত কৃষি কাজ শুরু করাও সম্ভব না। (উৎসঃ এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)
    - আইলার পরে স্থানীয় জনগণ, সরকারী এবং এনজিও অবিচ্ছিন্ন প্রচেষ্টায় সবকিছু আবার স্বাভাবিক অবস্থায় আসলেও আম্ফানের পরে আবার সবকিছু ধ্বংস হয়ে যায়। এই অঞ্চলটি আরও ঝুকিপূর্ণ অঞ্চলে পরিণত হয়। প্রতিটি ঘূর্ণিঝড়, জলোচ্ছেসর ঢেউ বাঁধগুলির উপর আঘাত হানে এবং ভেঙ্গে যায়। তারা বলেছিল, " এ অঞ্চলের মানুষ এখন ঘূর্ণিঝড়ের মোকাবেলায় সক্ষম হলেও লবনাক্ততার সুদূরপ্রসারী প্রভাব তাদের জীবনের উপর পড়ছে "। বহু অঞ্চলের মানুষ লবণাক্ততার কারনে ক্ষতিগ্রস্থ।
    - এই গ্রামের মুন্ডারা জলাবদ্ধতার সমস্যায় ভুগছে কারণ সমস্ত সংযোগ খালে এখন পলি জমে গেছে। বর্ষাকালে সব রাস্তাই কর্দমাক্ত হয়ে পড়ে। তারা তাদের এলাকা থেকে পানি নিষ্কাশন করতে পারেনি যা শেষ পর্যন্ত এই এলাকায় ফসল উৎপাদন ব্যাহত করছে। কৃষিকাজের ঘাটতির কারণে এই গ্রামের জীবিকা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। (উৎসঃ এফজিডি, বড়বাড়ি মুন্ডাপাড়া, কয়রা)

- **জলবায়ু পরিবর্তন-জনিত লবণাক্ততার কারণে সারা বছর ধরে নিরাপদ পানীয় জলের প্রবেশাধিকারের উপর প্রভাব**
    - যদিও তাদের গোসল, ধোয়া, পরিষ্কার ইত্যাদি ঘরোয়া কাজের জন্য পানির সংকট রয়েছে তবে, তাদের কাছে কাছাকাছি নলকূপ থেকে পানীয় জল পেতে পারে (হেটে দশ মিনিটে) এমন উৎস রয়েছে। মুন্ডা পাড়ায় লবণাক্ততাযুক্ত নলকূপও পাওয়া যায় যা রান্নার জন্য ব্যবহার করা যেতে পারে। (সূত্র: এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)
    - প্রতিটি পরিবারের নলকূপের পানি ব্যবহারের সুযোগ রয়েছে যা সামান্য লবণাক্ত। তারা এখন এই লবণাক্ত পানিতে অভ্যস্ত। এই গ্রামে বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা নেই। মনে হচ্ছে পানির গুণমান অন্যান্য এলাকার তুলনায় ভালো এবং মানুষ এই প্রাপ্ত পানিতে বেঁচে থাকতে পারে। (সূত্র: এফজিডি, বড়বাড়ি, মুন্ডা পাড়া, কয়রা)
    - শ্যামনগরের দাতিনাখালী (মহসিনের হুলো) গ্রামে পানির তীব্র সংকট রয়েছে। মহসিনের পুকুর নামে দুটি পুকুর রয়েছে যার একটি খাবার পানি সংগ্রহ করতে এবং অন্য একটি স্নানের জন্য ব্যবহার করা হয়। এই গ্রামে বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা নেই।
    - কালিঞ্চি গ্রামে মোট ২৭টি খানা রয়েছে। এদের মধ্যে ২১টি পরিবার এক ক্লাস্টারে বাস করে এবং ৬টি পরিবার পৃথক ক্লাস্টারে বাস করে। এই ২১টি পরিবারের ক্লাস্টারের মধ্যে তাদের দুটি টিউব-ওয়েল রয়েছে যা তারা পরিষ্কার এবং রান্না করার জন্য ব্যবহার করতে পারে, পানিটি সামান্য লবণাক্ত। অন্যদিকে, ৬টি পরিবার আরেকটি ক্লাস্টারে বাস করে কেবলমাত্র একটি টিউব-ওয়েলের লবণাক্ত পানি ব্যবহার করে। তারা মটকা বা একটি ড্রাম দিয়ে বৃষ্টির পানি সংগ্রহ করে, যা এক বছরের জন্য যথেষ্ট নয়।

- **বাজার সংযোগ এবং ভেলু-চেইন এর সাথে যোগাযোগ (Market access and linkage with value chain):**
    - কাঁকড়া সংগ্রহ করার পর তারা সাধারণত স্থানীয় সাব-ডিপোতে তাদের ফসল বিক্রি করে, যেখানে কাঁকড়ার ওজন, দাম এবং গ্রেড সাধারণত এলোমেলো করা হয়। (সূত্র: এফজিডি, গাজীপাড়া, উত্তর বেদকাশী, কয়রা)।

- তারা যে পণ্য উৎপাদন বা সংগ্রহ করে যেমন চাল, শাকসবজি ইত্যাদি তারা সাধারণত স্থানীয় বাজারে বিক্রি করে। তারা সাধারণত সাব-ডিপোতে (স্থানীয় এজেন্ট) কাঁকড়া বিক্রি করে। তাদের পণ্য বিক্রির বিকল্প কোনো ব্যবস্থা নেই বলে মধ্য-স্বত্ব ভোগীদের উপর অনেক বেশি নির্ভরশীল। (বড়বাড়ি, মুন্ডাপাড়া, কয়রা)
- তারা ব্যাপারীর কাছে কাঁকড়া বিক্রি করত (কাঁকড়া কেনার জন্য স্থানীয় এজেন্ট)। সাধারণত, কাঁকড়াগুলি একটি নিলামের মাধ্যমে বিক্রি হয়। আমরা বেদখালী বাজারেও আমরা কাঁকড়া বিক্রি করতে পারি। তারা মোবাইল ফোনে তথ্য পেয়ে বাজারে আসল দাম কী এবং বাজারের দাম অনুসারে তারা কাঁকড়া বিক্রি করে (উৎস: কলিঞ্চি গ্রামে এফজিডি, রমজাননগর, শ্যামনগর) ।

- **পরিষেবাগুলিতে অ্যাক্সেস (আর্থিক প্রতিষ্ঠান সহ সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠান):**
  - আইলার পরে, দশটি পরিবার সোলার প্যানেল পেয়েছে এবং দুটি পরিবার কারিতাসের দেওয়া নতুন বাড়ি পেয়েছে। আইলার পরে, তারা সাধারণত সরকারী এবং বেসরকারী সংস্থাগুলির কাছ থেকে সামান্য সাহায্য পায় যা পর্যাপ্ত নয়। উদাহরণস্বরূপ, স্বাস্থ্যকর্মীরা মাসে একবার তাদের গ্রামে যান। তাদের চিকিৎসা সহায়তার জন্য, তারা গ্রামের ডাক্তারের সাথে পরামর্শ করতে যান। অন্য গ্রামে সবজির বীজ বিতরণের কথা শুনলেও তা এগ্রামে আসেনি। (সূত্র: এফজিডি, বড়বাড়ি মুন্ডা পাড়া, কয়রা)।
  - প্রতিটি বাড়ির বাচ্চারা এখন কাছাকাছি স্কুলে পড়ছে। ক্ষুদ্র নৃগোষ্ঠী রা সামাজিক যোগাযোগের অভাবে এগিযে যেতে পাড়ছেনা । কিছু শিক্ষার্থী মেধাবী। তবে বড় শহর এলাকায় নতুন গেলে সহযোগিতা পায় না। কিছু শিক্ষার্থী পড়াশোনা চালিয়ে যেতে পারেনা এবং চাকরির জন্য আবেদন করতে পারে না। এই সমস্ত পরিস্থিতিতে আদবাসীদের নিজেদের মধ্যে সামাজিক যোগাযোগের প্রয়োজন। সুন্দরবন ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা সমবায় সমিতি লিমিটেড প্রধানমন্ত্রীর কার্যালয় এবং ইউএনও অফিস, কয়রার মাধ্যমে প্রাপ্ত ফান্ড থেকে মুন্ডা শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ করেছে। গত বছর তারা ৪ লাখ টাকা বিতরণ করেছে। তারা বলেন, আমরা সরকারকে জানিয়েছি যে আমরা আমাদের সন্তানদের শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে আছি। প্রতি বছরে কয়রায় ক্ষুদ্র নৃগোষ্ঠী শিশুদের দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ৪ লাখ টাকা পাঠানো হয়। আমাদের প্রায় ৩০০ পরিবার আছে। এই টাকা সবার প্রয়োজন অনুযায়ী বিতরণ করা যাবে না। (সূত্র: এফজিডি, বড়বাড়ি মুন্ডা পাড়া, কয়রা)।
  - “অতীতে আমরা শিক্ষার গুরুত্ব বুঝতে পারি নি। আমাদের শিক্ষার হার খুব কম। আমরা আমাদের বাচ্চাদের শিক্ষিত করার চেষ্টা করছি। শিক্ষাই এগিয়ে যাওয়ার একমাত্র উপায়। জীবিকার ক্ষেত্রে লবণাক্ততা সহিষ্ণু কৃষি কাজ সম্পর্কে নতুন নতুন তথ্য আমাদের কাছে আসেনা (উৎস: বোরোবাড়ী মুন্ডা পাড়া, কয়রা) ।
  - ব্র্যাক, গণমুখী, গ্রামীণ ব্যাংক সহ কয়েকটি এনজিও তাদের এলাকায় কাজ করছে। তবে মোহাজনরাও আছেন যারা চড়া সুদে টাকা ধার দিচ্ছেন। তারা ছাড়াও, সুন্দরবন ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা সমবায় সমিতি তাদের এলাকায় সঞ্চয় কার্যক্রম পরিচালনার পাশাপাশি মুন্ডা জনগণকে ঋণ প্রদানের মাধ্যমে কাজ করছে। (সূত্র: এফজিডি, কালিঞ্চি গ্রাম, রমজাননগর, সাতক্ষীরা)।
  - জেলে এবং বাউলির জন্য কার্ড ব্যবস্থা আছে। বনে মাছ ধরা নিষিদ্ধ সময়য় তারা প্রতি মাসে ৩০ কেজি করে চাল পান। কিন্তু গ্রামের কেউ ভিজিএফ ও ভিডিএফ কার্ড পাননি। আইলার পর প্রতিটি বাড়িতে চিড়া, মুড়ি, কম্বল, চাল, ডাল ইত্যাদি দেওয়া হয়। আম্ফানের পর তারা পেয়েছে ৫ কেজি করে চাল ও আলু। একটি পরিবার ইউনিয়ন অফিস থেকে বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থা পেয়েছে। (সূত্র: এফজিডি, কালিঞ্চি গ্রাম, রমজাননগর, সাতক্ষীরা)

- **ক্ষুদ্র নৃগোষ্ঠী দের সাথে প্রাক অবহিতকরণ ও সম্মতি গ্রহণ (Free, prior and informed consent of the Indigenous People):**
  - আইলা এবং আম্ফানের পরে অনেক উন্নয়নমূলক উদ্যোগ নেওয়া হয়, তবে পরিকল্পনা এবং বাস্তবায়ন প্রক্রিয়া চলাকালীন নারীদের কখনও পরামর্শ নেওয়া হয় না। সামগ্রিকভাবে, মুন্ডা সম্প্রদায়ের সাথে কোন উন্নয়ন কর্মসূচী নেওয়ার আগে সাধারণত পরামর্শ করা হয় না। সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াতে জড়িত থাকার পরিবর্তে মুন্ডা সম্প্রদায়ের লোকেদের যে কোন শ্রম কাজ বাস্তবায়নের সময় কেবল মাত্র শ্রমিক হিসাবে নিয়োগ দেয়া হয়। (সূত্র: এফজিডি, গাজীপাড়া, কয়রা)।

- **পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার সাথে জড়িত হওয়া (Engagement with planning and decision-making process):**
    - তাদের প্রয়োজন এবং তাদের জন্য কী করা উচিত তা জানতে তাদের সাথে কখনই পরামর্শ নেওয়া হয়নি। আম্ফানের পরে, তাদের রাস্তাগুলি খুব কাদা হয়ে যায়। এই সময়টিতে চলাচল খুব কঠিন হয়ে পড়েছিল। তারা গ্রাম সড়ক নির্মাণের জন্য ইউপি চেয়ারম্যানকে একাধিকবার অনুরোধ করেছিলেন কিন্তু তা কার্যকর করা হয়নি। (উৎস: বোরোবাড়ী মুন্ডা পাড়া, কয়রা)
    - স্থানীয় ইউনিয়ন পরিষদে, ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের কোনও প্রতিনিধি নেই। বাঙালি মুসলমান এবং হিন্দুরা তাদেরকে নিকৃষ্ট বলে মনে । মনে করে " মুন্ডারা তাদের সামনে চেয়ারে বসতে পারে না। (উৎস: বোরোবাড়ী মুন্ডা পাড়া, কয়রা)
    - যখন ইউনিয়ন অফিসে পর্যাপ্ত বাজেট থাকে, তখন ইউনিয়ন চেয়ারম্যান মুন্ডাদেরকেও ডাকেন। সাধারণত, তাদের গ্রামের পুরুষরা সভায় অংশগ্রহণ করে। উনিয়ন অফিসে যাওয়ার সুযোগ পেলেও মতামত জানাতে পারিনা।
    - ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সভায় তাদের মতামত নেওযইয়া হয়। তারা রাস্তা নির্মাণের জন্য অনুরোধ করলেও তাদের সুপারিশ বাস্তবায়ন করা হয় না। (সূত্র: এফজিডি, কালিঞ্চি গ্রাম, রমজাননগর, সাতক্ষীরা)

- **তাদের বসবাস অঞ্চল, প্রাকৃতিক সম্পদ এবং জীবিকার প্রবেশাধিকার সম্পর্কিত সমস্যা (Issues relating to their territories and access to natural resources and livelihood):**

আম্ফানের সময় পোল্ডার ভেঙ্গে যাবার পরে, লবণাক্ত পানি এই গ্রামে এসে লবণাক্ত জলে সমস্ত জলাশয় ডুবে গেছে। এক নারী বলেছিলেন, “পানি না পাওয়ায় আমরা সবজির বাগান করতে পারিনি। আম্ফানের কারণে, সবজির বাগান করতে পারেনি। তারা পার্শ্ববর্তী খালের জমে থাকা লবণাক্ত পানি বের করতে পারেনি। বাঙালি জনগোষ্ঠী তাদের জলাশয় থেকে পানি বের করতে নিষেধ করেছিল । কারণ তারা মনে করে যে, এই লবণাক্ত পানি তাদের কৃষিজমি গুলিকে প্রভাবিত করতে পারে। গ্রামবাসীরা বৃষ্টির অপেক্ষায়, যাতে তাদের লোনা পানির পুকুরগুলি মিঠা পানিতে পূর্ণ হয়। প্রতি বছরই পোল্ডারগুলি ভেঙ্গে লোনা পানি কৃষি জমিতে প্রবেশ করে। যদি কোন লবণাক্ত সহিষ্ণু ধানের বীজ সরবরাহ করা হয় তবে আমাদের জীবিকা নির্বাহে ব্যাপকভাবে উপকৃত হবো।

বেড়িবাঁধ রক্ষার জন্য সরকারী এবং স্থানীয় উভয় পর্যায় উদ্যোগ গ্রহণ প্রয়োজন। মুন্ডা জনগণ সর্বদা এই জাতীয় স্বেচ্ছাশ্রম দিয়ে থাকেন। আম্ফানের পরে কিছু লোক স্বেচ্ছায় কাজ করছে আর কিছু লোক অর্থ ও চালের বিনিময়ে। মুন্ডারা অতি দরিদ্র হওয়া স্বত্তেও স্বেচ্ছায় কাজ করেছে ।

প্রক্রিয়াটি পোল্ডারকে দুর্বল করার জন্য যথেষ্ট যার ফলে এটি ঝড়ের প্রবল আঘাত প্রতিরোধ করতে পারে না। যদি পোল্ডার আট মাস ধরে শুষ্ক থাকতে পারে তবে এ জাতীয় ঘটনা ঘটবে না। এখন এটি শুষ্ক নয়, সারা বছর ধরেই এটি ভিজা থাকে। এটি স্থানীয় তথাকথিত অজ্ঞ মানুষের ব্যাখ্যা যারা সমাজে উপেক্ষিত।

শেষ পর্যন্ত লোকেরা বুঝতে পেরেছিল যে আইলা শুধুমাত্র প্রাকৃতিক বিপর্যয় নয়। এটি মানবসৃষ্ট বটে। কয়রা উপজেলার ৫ টি স্থানে পোল্ডার ভেঙ্গে যায়, আম্ফানের সময়ও এটি মানুষকে সুরক্ষা দিতে পারেনি। এই জায়গাগুলোতে চিংড়ি চাষ করা হয়। মুন্ডারা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছিল।

কয়রার মাহাতো সম্প্রদায় তাদের পোল্ডার অঞ্চলটি রক্ষা করতে পারে। যেহেতু তারা নিয়মিতভাবে তাদের পোল্ডারগুলি রক্ষণাবেক্ষণ করেছে তাই ঝড়ের তীব্রতা বা ঘূর্ণিঝড়ের সময় তাদের পোল্ডারটি রক্ষা পেয়েছে।

পোল্ডার ভেঙ্গে নোনা পানি কৃষি জমিতে চলে আসে। যতদিন পোল্ডার (উপকূলীয় বাঁধ) মেরামত না হবে ততদিন কৃষি কাজ শুরু করা যাবে না। তারা নদীতে থোপা ফেলত। যখন চিংড়ির পোনা পাওয়া যায় তখন তারা চিংড়ি পোনা সংগ্রহ করে। এছাড়া তাদের বসতভিটা ভিত্তিক স্থানীয় হাঁস-মুরগি ও গবাদি পশু পালন রয়েছে। এগুলি এখন তাদের জীবিকার উপায় (সূত্র: এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী)।

বর্তমানে মুন্ডা জনগণের পেশা:

- ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ৪০ দিনের কর্মসূচি
- দিন মজুরী (এখনকার দিনে নিয়মিত নয়)
- নদী ও বন থেকে কাঁকড়া ও চিংড়ির পোনা সংগ্রহ করা

- প্রধানত তাদের জীবিকা ফসল রোপণ, কাটা ইত্যাদি কৃষি সংক্রান্ত কাজের উপর নির্ভর করে কিন্তু লবণাক্ত পানির অনুপ্রবেশের কারণে কৃষি জমি এখন লবণাক্ত পানির নিচে। তাই এখন কৃষি কাজ পাওয়া যায় না। গবাদি পশু পালন এবং বসতভিটা ভিত্তিক হাঁস পালন এবং স্থানীয় মুরগি পালনও দেখা যায়। (সূত্র: এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)।
- আজ থেকে প্রায় ৩০ বছর আগে কালিঞ্চি গ্রামে কৃষিকাজ ছিল মূল পেশা। এখন সমস্ত কৃষি জমি গুলো রূপান্তরিত হয়ে চিংড়ির ঘের জমিতে পরিণত হয়েছে। আগে তারা কৃষি জমি গুলোতে বর্গা চাষ করতে পারতো। অনেকে কাজ করতে পারতো। এখন আর সেই সুযোগ নেই। বর্তমানে কৃষিজমিতে কাজের সুযোগ এর তুলনায় অনেক কম সংখ্যক লোক চিংড়ীঘেরে দিনমজুরের কাজ করতে পারে. (সূত্র: এফজিডি, কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর)
- মুন্ডাদের কোন কৃষি জমি নেই। মুন্ডাদের বক্তব্য অনুযায়ী তারা ২০০ বছর আগে থেকে এই জায়গায় বাস করছে। তারা জঙ্গল কেটে পরিষ্কার করেছে। এবং জঙ্গলকে কৃষিজমি হিসেবে তৈরি করেছে। পরিষ্কার করা জমিতে তারা আগে কৃষি কাজ করতো এবং অর্ধেক উৎপাদিত ফসল তারা গ্রহণ করত। বাকি অর্ধেক প্রভাবশালীরা ভোগ করত। তাদের মধ্যে একজন ছিলেন মহসিন মিয়া। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, মুন্ডাদের জমি দেওয়া হবে, জমির দলিল করে দেওয়া হবে। মহসিন মিয়া জমি দিতে চেয়েছিলেন। কিন্তু তার নায়েব ষড়যন্ত্র করে অন্যের নামে রেজিস্ট্রি করে। শেষ পর্যন্ত মুন্ডারা জমি পায় নাই, যার জন্য তারা ২০০ বছর পূর্বে এখানে এসেছিল। এলাকার লোকজন এখন এই এলাকা মহসিনের হলো বলে ডাকে। কৃষিজমি যেগুলো জঙ্গল কেটে পরিষ্কার করেছিল তা এখন চিংড়ি ঘেরে পরিণত হয়েছে । একটি চিংড়ি ঘেরের আয়তন প্রায় ৩০০ থেকে ৪০০ বিঘা জমি নিয়ে । মুন্ডারা এখানে দিনমজুর হিসেবে কাজ করতে পারে। (তথ্যসূত্র: এফজিডি, মহসিনের হলো, দাতিনাখালী, শ্যামনগর)।
- বেশিরভাগ ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিবার এখন ভূমিহীন এবং কেবল মাত্র তাদের বসতবাড়ি ও জীবিকার জন্য ছোট ছোট জমি রয়েছে। তাদের মধ্যে কয়েকজনের চাষাবাদের জন্য জমি যা রয়েছে তা আকারে ছোট এবং বেশিরভাগ পরিবার ভাগে চাষ করে। (সূত্র: এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)
- তাদের এখন কোন কাজ নেই। জীবিকা নির্বাহের জন্য তারা এখন কাঁকড়া এবং চিংড়ির পোনা সংগ্রহ করে। (সূত্র: এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)
- বর্তমানে বেশিরভাগ মহিলা নদী থেকে কাঁকড়া সংগ্রহ এবং চিংড়ির পোনা সংগ্রহের সাথে জড়িত। বর্তমানে বাঙালিরাও কাঁকড়া সংগ্রহের সঙ্গে জড়িত। স্থানীয় মানুষের জীবনধারণের জন্য অন্য কোনো বিকল্প উৎস না থাকায় পানির প্রাকৃতিক উৎসের ওপর চাপ বাড়ছে। (সূত্র: এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)
- এখন জীবনযাপন খুব কঠিন হয়ে পড়েছে। এই পরিস্থিতি থেকে মুক্তি পাওয়ার জন্য আমাদের কোন উপায় খুঁজে বের করতে হবে। আমাদের যাওয়ার কোন জায়গা নেই, জীবন চালানোর কোন উপায় নেই। আজকের দিনের, অলস অবস্থায় কেউ তাদের সময় নষ্ট করে না। প্রত্যেকে কাজে যায়। কিছু লোক কাঁকড়া ধরতে যায়, কিছু লোক মাছ ধরে। যদি কেউ আড়াইশ গ্রাম চিংড়িও ধরেন, সে বিক্রি করার জন্য বাজারে নিয়ে যায়। তিনি যদি ৩০ বা ৪০ টাকা আয় করে তবে তাই দিয়ে তিনি পরিবারের জন্য যা সবচেয়ে বেশি প্রয়োজন তাই কিনেন। সকালে, অর্ধেক লোক নদীতে যান। তারা ২৫০ গ্রাম মাছ সংগ্রহ করতে পারলে সেই মাছ, বাজারে বিক্রি করেন। প্রাপ্ত অর্থ দিয়ে হয়ত তারা নুন বা মরিচ কিনে। জীবন এত কঠিন হয়ে পড়েছে যে কিছু মাছ ধরলে ও তা বিক্রি করে। তবুও সেগুলি তাদের নিজস্ব খাবারের জন্য ঘরে তুলতে পারে না। (সূত্র: এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)
- যদি কেউ বন থেকে কাঁকড়া সংগ্রহ করতে চায়, তবে তাকে বন বিভাগ থেকে পাস সংগ্রহ করতে হয়। সাধারণত ২৫০/৩০০ টাকা দিয়ে ছয়দিনের পাস সংগ্রহ করতে হয়। কেউ যদি নির্ধারিত এলাকার বাইরে গিয়ে কাঁকড়া ধরে, তবে তাকে জরিমানা দিতে হয়। নদীর ওপারে মাছ বা কাঁকড়া ধরতে টাকা দিতে হয় না। বন বিভাগ থেকে পাস সংগ্রহ করে কেউ কেউ মধু বা কাঠ সংগ্রহ করে (সূত্র: এফজিডি, গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)।

- **সামাজিক এবং পরিবেশগত সুরক্ষাঃ**
  - মুন্ডা মহিলারা বলেছেন যে তারা তাদের বাচ্চাদের পানি সংগ্রহ করতে বাড়িতে রেখে অনিরাপদ বোধ করছেন কারণ সর্বত্র পানি রয়েছে এবং তারা উদ্বিগ্ন বোধ করছেন যে তাদের বাচ্চারা ডুবে যেতে পারে। (গাজী পাড়া, উত্তর বেদকাশী, কয়রা)
  - পুরুষরা সাধারণত তাদের পরিবারকে বাড়িতে রেখে ইটের ভাটায়, মাটির কাজ, কৃষিশ্রম ইত্যাদিতে কাজ করতে অনেক দূরে যায়। এই সময়ে, মহিলারা সবচেয়ে বেশি সমস্যায় পড়েন। তারা চিংড়ি ফার্মে দিনমজুরের জন্য যায়, নদী থেকে কাঁকড়া সংগ্রহ করে এবং তাদের পরিবারকে সাহায্য করার জন্য দিনমজুর হিসাবে কাজ করে কিন্তু মহিলারা তাদের বাড়ি ছেড়ে

যেতে পারে না। মাঝে মাঝে না খেয়েই দিন কাটে তাদের। একপর্যায়ে তারা অসুস্থ হয়ে পড়ে। তখন, পুরুষরা তাদের দেখাশোনা করতে পারে না কারণ তারা দীর্ঘ সময়ের জন্য কাজ করতে যায়। (বড় বাড়ি, মুন্ডা পাড়া, কয়রা)

- বর্তমানে কাঁকড়া সংগ্রহ উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। তদুপরি, বন বিভাগ প্রতি বছর জানুয়ারী থেকে ফেব্রুয়ারিইয়েবং সেপ্টেম্বর থেকে অক্টোবর মাস পর্যন্ত কাঁকড়া ধরা নিষিদ্ধ করে। মহিলাদের জন্য এই সময়টি অত্যন্ত সমস্যার, কারণ তারা কাঁকড়া ধরতে পারে না যা তাদের প্রধান আয়ের উৎস। (এফজিডি, কালিঞ্চি, শ্যামনগরে)
- কোভিড-১৯-এর কারণে পরিস্থিতি আরও খারাপ হয়েছে, কারণ তারা বাঙালি সম্প্রদায়ের মধ্যে কোনো কাজ খুঁজে পায়নি। (বড় বাড়ি, মুন্ডা পাড়া, কয়রা)
- দুর্যোগকালীন সময়ে, সাধারণত ইউনিয়ন পরিষদ অফিস গ্রামবাসীদের আশ্রয়গ্রহণ এবং জরুরি সহযোজীগিতা দেয়ার জন্য বিপদ সংকেত ঘোষণা করে। অন্যান্য স্থানের তুলনায় বরোবাড়ি এলাকা বেশি উঁচু হলেও সাধারণত ঘূর্ণিঝড়ের তীব্রতা বেশি হলে বন্যার পানি তাদের গ্রামে চলে আসে। কিন্তু, তারা ঘর ছেড়ে যেতে পারে না। অল্প কয়েকজন মানুষ ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রে যায়। তারা তাদের গবাদি পশুকে বিপদে ফেলে রাখতে পারে না। তারা তাদের গবাদি পশু নিয়ে সাইক্লোন শেল্টারে যেতে পারে না। যারা প্রভাবশালী এবং শক্তিশালী, তারা সাধারণত তাদের জিনিসপত্র নিয়ে আশ্রয়কেন্দ্রের বেশিরভাগ অংশ দখল করে রাখে। সাইক্লোন শেল্টারে মুন্ডা মানুষদের জন্য খুব কম জায়গা অবশিষ্ট থাকে।
- আইলার সময় অনেক মানুষ সাইক্লোন সেন্টারে গিয়েছিল। জনসমাগম এতটাই ব্যাপক ছিল যে মহিলারা সেখানে নিরাপদ বোধ করতো না। তাদের জন্য জায়গা না থাকলেও প্রভাবশালীরা তাদের গবাদি পশু রেখে আশ্রয়কেন্দ্রের বেশির ভাগ অংশ দখল করে নিয়েছিলো। তারা বলেন, “ঘূর্ণিঝড় কেন্দ্রে গবাদিপশুর জন্য আলাদা আশ্রয়ের জায়গা থাকা দরকার”। আবার নারীদের জন্য টয়লেট সুবিধা পর্যাপ্ত নয়। (বড় বাড়ি, মুন্ডা পাড়া, কয়রা)
- মাছ ধরার জন্য, কিছু মানুষ সুন্দরবনে বিষ ব্যবহার করছে। এই বিষ ব্যবহারের ফলে সব মাছ ও অন্যান্য জলজ জীবিকা বিনষ্ট হচ্ছে।
- মুন্ডা মেয়েদের বাল্যবিবাহের একটি প্রবণতা রয়েছে। ফলস্বরূপ, জন্মগত জটিলতার কারণে মুন্ডা মেয়েদের মধ্যে একটি উচ্চ মৃত্যুর হার এবং প্রাক-প্রসূতি সমস্যাগুলিরও উচ্চ হার রয়েছে। তাই, মুন্ডা মেয়েদের জীবন বাঁচাতে বাল্য বিবাহ বন্ধ এবং শিক্ষার প্রচারের জন্য সচেতনতা তৈরি করা জরুরী। আমাদের সংগঠন বাল্য ও কৈশোর বয়সী মেয়েদের মধ্যে বাল্যবিবাহের কুফল বিষয়ে সচেতনতা বৃদ্ধির চেষ্টা করছে। (সুমিত্রা মুন্ডা, বোরোবাড়ি মুন্ডা নারী সমবায় সমিতি, বড়বাড়ি, কয়রা)

- **আইনি অধিকার এবং অভিযোগ নিরসন প্রক্রিয়া:**
  - মুন্ডা সম্প্রদায় বলেছিল, "আমরা অন্য গোষ্ঠী দ্বারা জমি দখলের সমস্যার মুখোমুখি"। কিছু মামলা নিম্ন আদালতে দায়ের করা হলেও এখনও সমাধান হয়নি। মুন্ডা লোকেরা জমি দখলদারদের কাছ থেকে তাদের কিছু জমির দখল ফিরিয়ে নিতে পেরেছে। । যাইহোক, বর্তমানে তাদের জমি খুব সামান্য আছে। অতীতে তাদের জমিগুলি তাদের আঙুলের ছাপ ব্যবহার করে বা তাদের সাথে প্রতারণার মাধ্যমে দখল করা হয়েছিল। তাদের জমিগুলি এখন অন্য নামে নিবন্ধিত হয়েছে, যারা প্রকৃত মালিক নয় । ক্ষুদ্র নৃগোষ্ঠী রা খুব সাধারণ মানুষ । তারা সবসময় লড়াই করতে এবং প্রতিরোধ করতে পারে না। (বড় বাড়ি, মুন্ডা পাড়া, কয়রা)
  - মুন্ডা লোকদের অভিযোগ নিরসন প্রক্রিয়া সম্পর্কে ধারণা নেই। যানতে চাওয়া হলে তারা বলেন, তারা অনেক সামাজিক ও অর্থনৈতিক অবিচারের কারণে অসন্তুষ্ট। তবে কীভাবে এই সমস্যাগুলি সমাধান করবেন তা তারা জানেন না। (বড় বাড়ি, মুন্ডা পাড়া, কয়রা)

- **সামাজিক নেটওয়ার্কিং এবং জ্ঞান তৈরির অবস্থাঃ**
  - তারা লবণাক্ত পানির পরিবেশে নতুন কৃষি প্রযুক্তির কোনো তথ্য পায় না। খুলনার উপকূলীয় অঞ্চলের চেয়ে এখানে পানি বেশি লবণাক্ত। বর্তমান জলাবদ্ধতা কৃষি উৎপাদন ব্যবস্থাকে বিপন্ন করে তুলেছে। (বড় বাড়ি, মুন্ডা পাড়া, কয়রা)

- **সক্ষমতা বৃদ্ধি/প্রাতিষ্ঠানিক উন্নয়ন/ঐতিহ্যবাহী ক্ষুদ্র নৃগোষ্ঠী সংগঠনঃ**
  - তাদের নিজস্ব ভাষা, সঙ্গীত, মিথ, বিশ্বাস এবং আচার-অনুষ্ঠান সহ তাদের নিজস্ব সমৃদ্ধ সংস্কৃতি রয়েছে যা দিন দিন হ্রাস পাচ্ছে। (গাজীপাড়া, উত্তর বেদকাশী, কয়রা)

কয়রায় দুটি নিবন্ধিত ক্ষুদ্র নৃগোষ্ঠী সংগঠন কাজ করছে।

১। ক্ষুদ্রনৃগোষ্ঠী সমবায় সমিতি লিমিটেড
২। ক্ষুদ্র নৃগোষ্ঠী (মুন্ডা) বহুমুখী সমবায় সমিতি লিমিটেড

এই সংস্থাগুলি কাঁকড়া চাষ, মাছ চাষ ও বিবাহের ব্যবস্থা করার জন্য ঋণ প্রদান করে। এই দুটি সংস্থা ছাড়াও সুমিত্রা মুন্ডা নামে এক স্থানীয় নারী বড়বাড়ি গ্রামে মুন্ডা নারীদের সংগঠিত করেছেন । গোষ্ঠীর সদস্যরা নিয়মিত সঞ্চয় জমা এবং মুন্ডা নারীদের বিভিন্ন আয়ের উৎস সৃষ্টির জন্য উদ্ভিদসহ বিভিন্ন উদ্ভিদ উদ্যান, ছোট ব্যবসা, কাঁকড়া ফার্মিং ইত্যাদিতে সহায়তা করছেন। বর্তমানে তারা কেবল বড়বাড়ি গ্রামে কাজ করছেন, তবে সুমিত্রার ভাষ্য অনুযায়ী তারা সমস্ত মুন্ডা গ্রাম গুলিতে সম্প্রসারণ করতে চান। তারা তাদের মুন্ডা সংস্কৃতি, গান এবং সামাজিক প্রোগ্রাম প্রচারের জন্য একটি সাংস্কৃতিক দল তৈরি করেছে। কিন্তু তারা নিবন্ধকরণ কর্তৃপক্ষের থেকে নিবন্ধন পাচ্ছে না। তারা বলেছে, যেহেতু ইতিমধ্যে দুটি সমবায় সমিতি রয়েছে তাই আর সংগঠনের দরকার নেই। সুমিত্রা বলেন, "এই দুটি সংস্থা নারীদের ইস্যু নিয়ে কাজ করছে না"। তারা তাদের প্রতিষ্ঠানের নিবন্ধকরণ করার চেষ্টা করছে। (উৎস: বড়বাড়ি মুন্ডা নারী সমবায় সমিতি, মুন্ডা পাড়া, কয়রা)।

আবার, সুন্দরবন ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা সংস্থা (SAMS) শামনগর উপজেলায় মুন্ডা সম্প্রদায়ের সাথে কাজ করছে। এই সংস্থাটি সমাজকল্যাণ অধিদপ্তরে নিবন্ধিত এবং সেইসাথে এনজিও অ্যাফেয়ার্স ব্যুরোতে নিবন্ধিত। সংগঠনটি মানবিক সাড়া প্রদেনের দৃষ্টিভঙ্গি বজায় রেখে মুন্ডা সম্প্রদায়ের সাথে কাজ করছে। উল্লেখ্য, ফাদার লুইজি প্যাগি মুন্ডা সম্প্রদায়ের সাথে ২০ বছরেরও বেশি সময় ধরে কাজ করছেন। তিনি পুরো মুন্ডা সম্প্রদায়কে এই সংগঠনটি গঠনে সহযোগিতা করেছিলেন।

তাদের নিজস্ব সাংস্কৃতিক দল আছে। তারা মুন্ডা গান ও নৃত্য অনুশীলন করে এবং বিভিন্ন অনুষ্ঠান করে। তারা হানিফ সংকেতের ‘ইত্যাদি’ ম্যাগাজিন অনুষ্ঠানে তাদের গান, নাচ পরিবেশন করেছেন এবং বিভিন্ন কোণ থেকে প্রশংসা পেয়েছে। তবে ঘূর্ণিঝড় আম্ফান চলাকালীন তাদের সাংস্কৃতিক কেন্দ্রটি সম্পূর্ণভাবে ধ্বংস হয়। তারা এখনও তাদের সংস্কৃতি কেন্দ্রটি পুনঃনির্মাণ করতে পারেনি (উৎস: কালিঞ্চি গ্রামে এফজিডি, তারিখ ২২.১২.২০)

৪। জীবিকার সুযোগ (Livelihood opportunity)

দিনমজুরই তাদের জীবন যাপনের একমাত্র উপায়। বসতভিটায় জীবিকার সুযোগ তৈরি করতে পারলে তাদের উপকার হবে। তারা বলেছে, “বাইরে না গিয়ে আমরা ঘরে বসে কাজ করতে চাই”। এটা ব্যবসা, হাঁস-মুরগি পালন, গবাদি পশু পালন, কাঁকড়া চাষ, হস্তশিল্প এবং যা কিছু হতে পারে”। বসতভিটা ভিত্তিক জীবিকার উপায়গুলো বিবেচনা করে মুন্ডা সম্প্রদায়কে সহযোগিতা করা যেতে পারে কারণ আশেপাশের এলাকা কৃষি উৎপাদনের জন্য উপযোগী নয় এবং বন ও নদীতে কাঁকড়া ধরাও বিপজ্জনক। এটি বাস্তুতন্ত্র এবং পরিবেশের উপরও নেতিবাচক প্রভাব ফেলে।

কাঁকড়া চাষ (Crab firming)

বিদ্যমান চাষাবাদের উপযোগিতা এবং বাজারের উচ্চ চাহিদা বিবেচনা করে কাঁকড়া চাষের ব্যাপক সম্ভাবনা রয়েছে। (গাজী পাড়া, মহসনিয়ার হলো, কালিঞ্চি, বুড়িগোয়ালিনী, পারশেমারী গ্রামের নারীদের দ্বারা প্রস্তাবিত)

মধু চাষ (Honey firm)

চৈত্র-বৈশাখ এবং জোষ্ঠ্য (মার্চ থেকে মে) সুন্দরবনে বিভিন্ন ফুল ফোটে। এই সময়ে মধু চাষ সম্ভব। এই সময়কালে বাইরের কয়েক শতাধিক মানুষ মৌমাছি পালনের জন্য আসেন। এটি ঝুঁকিপূর্ণ নয় কারণ সুন্দরবনের নদীর তীরের বিপরীত অংশে মৌমাছির বাক্সগুলি সেট করা। সুন্দরবন এলাকায় সারা বছর চাষ করা সম্ভব হয় না। শুধুমাত্র তিন মাস সম্ভব। অন্যান্য মাসে, মৌমাছিকে অন্যান্য ক্ষেতে নেওয়ার ব্যবস্থা করতে হবে যেমন তিল চাষের ক্ষেত বা এমন জায়গায় যেখানে মৌমাছিরা মধু সংগ্রহ করতে পারে। (কালিঞ্চি, রমজাননগর, মহোসিনের হলোর নারীদের দ্বারা প্রস্তাবিত)

রাজহাঁস পালন (Swan rearing)

রাজহাঁস (রাজহাস) লবণাক্ত পানির পরিবেশে মানিয়ে নিতে পারে এবং রাজহাঁসের বাজার মূল্য বেশি। নারীদের তাদের দৈনন্দিন কাজের সাথে রাজহাঁস লালন-পালন করা সম্ভব। রাজহাঁস পালন তাদের সম্পূরক আয়ের জন্য সহায়ক হতে পারে। একটি রাজহাঁস বাজারে ১০০০ টাকারও বেশি দামেবিক্রি করা যায়। (দাতিনাখালীর মহোসিনের হলোর নারীদের প্রস্তাব)

পরিবেশ বান্ধব পর্যটন (Eco-tourism)

রিলিফ ইন্টারনেশন্যালের সহায়তায় ইকো-ট্যুরিজম প্রতিষ্ঠিত হয়েছিল। পাঁচটি পরিবার ইকো-ট্যুরিজম প্রতিষ্ঠিত ও প্রচারে ঘর পেয়েছিল। আম্ফানের আগে, অনেক পর্যটক তাদের গ্রামে আসত এবং কটেজে থাকতো যা তাদের অতিরিক্ত আয়ের জন্য সহায়ক ছিল। তবে করোনাভাইরাস ছড়িয়ে পড়ার পর পর্যটকরা তাদের গ্রামে আর আসছেন না। তাই ইকো-ট্যুরিজম থেকে তাদের আয় বন্ধ রয়েছে। তবে আবার শুরু হবে বলে আশা করছেন তারা। গণমাধ্যমের দৃষ্টি আকর্ষিত হলে তাদের জীবিকা নির্বাহে উপকার হবে। এই ইকো-ট্যুরিজম বিভিন্ন মুন্ডা গ্রামে ছড়িয়ে দেয়া যেতে পারে। (কালিঞ্চি, রমজাননগর, শ্যামানগরের নারীদের দ্বারা প্রস্তাবিত)

হস্তশিল্প (Handicrafts)

নারীরা হস্তশিল্পের কাজে অত্যন্ত আগ্রহী বলে মনে হয়। এটি কাঁকড়া সংগ্রহের জন্য বন বা নদীতে না যাওয়াকে সহযোগিতা করবে। এই বিষয়ে, তাদের বাজার সংযোগের জন্য প্রশিক্ষণ এবং অন্যান্য সহায়তা প্রয়োজন। (কালিঞ্চি, রমজাননগর, শ্যামানগরের নারীদের দ্বারা প্রস্তাবিত)

বসতবাড়ির বাগান করা (Homestead gardening)

প্লট এলাকার কাছাকাছি সেচের পানি সরবরাহের উৎস থাকলে বসতবাড়ি পর্যায়ে সবজি বাগান করা সম্ভব। (সব গ্রামের নারীরা এটির জন্য প্রস্তাব করেছেন)

৪। সামাজিক এবং সাংস্কৃতিক ক্ষেত্রে যে সহায়তা প্রয়োজন (Needed support for the social and cultural aspect):

- জমি দখল সংক্রান্ত সমস্যা নিরসনে মুন্ডা সম্প্রদায়ের জন্য আইনি সহায়তা প্রয়োজন। মুন্ডারা এখন বুঝতে শুরু করেছে যে এই দেশে তাদের অধিকার আছে। তাদের অধিকার দাবিতে সহায়তা করার পাশাপাশি এই অধিকারগুলির আরও ব্যাখ্যা এবং শিক্ষা বাস্তবায়ন করা প্রয়োজন।
- মুন্ডা মেয়েদের বাল্যবিবাহ বন্ধে সচেতনতামূলক কর্মসূচি প্রয়োজন
- জীবন-জীবিকা এবং আয় বৃদ্ধি এবং বাজার সংযোগের জন্য তাদের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নও অপরিহার্য। বর্ষাকালে শিশুরা সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়ে এবং তারা স্কুলে যেতে পারে না।
- তাদের সাংস্কৃতিক কেন্দ্রকে সুরক্ষিত করার পাশাপাশি ভাষা, সঙ্গীত, নৃত্য এবং অন্যান্য সাংস্কৃতিক দিকগুলিকে প্রচার করা দরকার।
- মিডিয়াতে কভারেজের মাধ্যমে এবং উন্নয়নের জন্য সমস্ত দায়িত্বশীল অংশীদারদের দ্বারা তাদের গ্রাম পরিদর্শনের মাধ্যমে ইকো-ট্যুরিজমকে সহায়তা করা দরকার
- ক্ষুদ্র নৃগোষ্ঠী দের নিজস্ব ভাষা সহ একটি শিক্ষাব্যবস্থা থাকা প্রয়োজন। এ ক্ষেত্রে ক্ষুদ্র নৃগোষ্ঠী ভাষার ওপর একাডেমিক পাঠ্যক্রম গড়ে তোলার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রয়োজন।
- বাঙালি সম্প্রদায়ের মধ্যে তাদের বিশেষ বৈশিষ্ট্য বোঝার জন্য এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী দের প্রতি বাঙালি সম্প্রদায়ের মধ্যে শ্রদ্ধা গড়ে তোলার জন্য আরও সংলাপ এবং সচেতনতামূলক প্রচারণার প্রয়োজন

৫। উপসংহার (Conclusion)

জিসিএ প্রকল্প মুন্ডা মানুষের সাথে কাজ করার সুযোগ তৈরি করেছে যা খুবই ইতিবাচক লক্ষণ। প্রাথমিক পর্যায়ে, প্রকল্পটি পানীয় জলের সমাধান, জলবায়ু সহনশীল জীবিকার সুযোগ এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের প্রাতিষ্ঠানিক উন্নয়নকে শক্তিশালী করার জন্য সহায়তা প্রদান করছে। তবে পরিবর্তন আসতে হবে ভেতর থেকে এবং পরিবর্তন আসতে হবে বাইরে থেকে। এক্ষেত্রে ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের পরিকল্পনা ক্ষুদ্র নৃগোষ্ঠী দের ভবিষ্যত উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সুতরাং, ক্ষুদ্র নৃগোষ্ঠী দের অধিকার সংক্রান্ত সমস্ত আন্তর্জাতিক ঘোষণা মেনে চলা এবং সেই অনুযায়ী তাদের সহায়তা করা ইউএনডিপির প্রধান দায়িত্ব ও বাধ্যবাধকতা। আবার, মুন্ডা লোকদের সিদ্ধান্ত নেওয়া উচিত যে তাদের কী পরিবর্তন দরকার এবং কী কী জিনিস সংরক্ষণ করা দরকার। বিশেষ করে তাদের গান, নাচ, ভাষা এতই সূক্ষ্ম যে দেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের সম্প্রসারণের জন্য তা রক্ষা করা উচিত।

সংযুক্তি ২: এফজিডি-তে অংশগ্রহণকারীদের তালিকা

এফজিডি নং ১

তারিখ: ৭.১২.২০ সময়: সকাল ১১.০০, স্থান: গাজীপাড়া, উত্তর বেদকাশী, কয়রা

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	অরোতি মুন্ডা	দিন মজুর	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
২.	রেবোতি মুন্ডা	বাড়ির স্ত্রী	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৩.	ববিতা মুন্ডা	কাঁকড়া চাষ	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৪.	বনোবাশি মুন্ডা	কাঁকড়া চাষ	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৫.	আলোশি মুন্ডা	চিংড়ির পোনা ধরা, কাঁকড়া ধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৬.	বরোতি মুন্ডা	চিংড়ির পোনা ধরা, কাঁকড়াধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৭.	সুরজো বালা মুন্ডা	চিংড়ির পোনা ধরা, কাঁকড়াধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৮.	জোনজালি মুন্ডা	বাড়ির স্ত্রী	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৯.	সোবিতা মুন্ডা	কাঁকড়া ধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
১০.	সাবিরি মুন্ডা	কাঁকড়া ধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
১১.	সুষোমা মুন্ডা	বাড়ির স্ত্রী	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
১২.	কুশিলা মুন্ডা	কাঁকড়া ধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা

এফজিডি নং ২

তারিখ: ৭.১২.২০ সময়: দুপুর ২.৩০, স্থান: গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	রানীবালা মুন্ডা	কাঁকড়াধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
২.	লক্ষ্মী রানী মুন্ডা	চিংড়ির পোনা ধরা,	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৩.	বিশপুতি মুন্ডা	চিংড়ির পোনা ধরা,	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৪.	বিলাশী মুন্ডা	চিংড়ির পোনা ধরা,	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৫.	বেসনটি মুন্ডা	কাঁকড়াধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৬.	অনিমা মুন্ডা	চিংড়ির পোনা ধরা,	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৭.	অনিতা মুন্ডা	কাঁকড়া ধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৮.	জয়ন্তী মুন্ডা	চিংড়ির পোনা ধরা,	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
৯.	মিনা মুন্ডা	কাঁকড়া ধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা
১০.	পানপোতি মুন্ডা	কাঁকড়া ধরা	গাজীপাড়া, উত্তোর বেদকাশী, কয়রা

এফজিডি নং ৩

তারিখ:৮.১২.২০ সময়: সকাল ১১.০০, স্থান: বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	সুমিলা মুন্ডা	শাকসবজি উদ্যান	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
২.	লক্ষ্মী মুন্ডা	কাঁকড়াধরা	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
৩.	কল্পনা মুন্ডা	গরু পালন	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
৪.	মীনাক্ষী মুন্ডা	বাড়ির স্ত্রী	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
৫.	বাসপতি মুন্ডা	কাঁকড়া ধরা	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা

৬.	কল্যাণী মুন্ডা	কাঁকড়া ধরা	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
৭.	সুমিত্রা মুন্ডা	কাঁকড়া ধরা	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
৮.	কবিতা মুন্ডা	চিংড়ির পোনা ধরা,	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
৯.	অরোতি মুন্ডা	চিংড়ির পোনা ধরা,	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
১০.	নিবাশি মুন্ডা	কাঁকড়া ধরা	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
১১.	কুমিলা মুন্ডা	বাড়ির স্ত্রী	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা
১২.	বুনো মুন্ডা	কাঁকড়া ধরা	বড়বাড়ি, উত্তর বেদকাশি, কয়রা

এফজিডি নং ৪:

তারিখ: ৯.১২.২০ সময়: সকাল ১১.০০, স্থান: হরিহরপুর, উত্তোর উত্তর বেদকাশি, কয়রা

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	আলোমনি মাহাতো	মাছের চাষ	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
২.	আশিমা মাহাতো	মাছ চাষ	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
৩.	শিবানী মাহাতো	মাছের চাষ	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
৪.	অর্পনা মাহাতো	মাছের চাষ	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
৫.	কমলোনি মাহাতো	ঘরের স্ত্রী	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
৬.	ব্রজোগোপাল	ছাত্র	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
৭.	নির্মল মাহাতো	কাঁকড়া ধরেন	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
৮.	পোতিত মাহাতো	ছাত্র	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
৯.	উত্তম মাহাতো	কাঁকড়া ধরেন	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
১০.	রঞ্জিত মাহাতো	কৃষক	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
১১.	নিরোদ মাহাতো	দিন মজুর	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা
১২.	সন্ধি রানী মাহাতো	মাছের চাষ	হরিহরপুর, উত্তোর বেদকশি, কয়রা

এফজিডি নং ৫:

তারিখ: ৯.১২.২০ সময়: সকাল ১১.০০, স্থান: গাজীপাড়া, উত্তোর বেদকশি, কয়রা

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	রবীন্দ্র মুন্ডা	দিন মজুর	গাজীপাড়া, উত্তোর বেদকশি, কয়রা
২.	জয়দেব মুন্ডা	কাঁকড়া চাষি, ব্যবসায়ী	গাজীপাড়া, উত্তোর বেদকশি, কয়রা
৩.	কার্তিক মুন্ডা	দিন মজুর	গাজীপাড়া, উত্তোর বেদকশি, কয়রা
৪.	বিবেক মুন্ডা	দিন মজুর	গাজীপাড়া, উত্তোর বেদকশি, কয়রা
৫.	নিরাপদ মুন্ডা	দিন মজুর	গাজীপাড়া, উত্তোর বেদকশি, কয়রা
৬.	সুমিত্রা মুন্ডা	মহিলা নেত্রী	গাজীপাড়া, উত্তোর বেদকশি, কয়রা

এফজিডি নং: ৬

তারিখ: ২১.১২.২০ সময়: সকাল ১০.০০, স্থান: দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	প্রতিমা মুন্ডা	টেইলরিং	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
২.	কনিকা মুন্ডা	স্কুলের শিক্ষিকা	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
৩.	পূর্ণিমা মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
৪.	কমলা মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
৫.	বিশ্বাসী মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
৬.	প্রোমিলা মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
৭.	বাতাশি মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
৮.	একাদশি মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
৯.	খনিকা মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
১০.	মনিকা মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
১১.	একাদশি মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর
১২.	প্রদীপ মুন্ডা	চিংড়ি চাষি, ট্যুরিস্ট বোট অপারেটর	দাতিনাখালি মুন্ডা পাড়া (মহোসিনার হলো), শ্যামনগর

এফজিডি নং ৭:

তারিখ: ২২.১০.২০ সময়: সকাল ১০.০০, স্থান: কালিঞ্চি , রামজাননগর, শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	বিথিকা রানী মুন্ডা	দিন মজুর	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
২.	সুবাসী মুন্ডা	বাড়ির স্ত্রী	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৩.	নমিতা রানী মুন্ডা	দোকানের মালিক,	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৪.	কমলা মুন্ডা	কাঁকড়া ধরেন	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৫.	কবিতা মুন্ডা	মাছ ধরা, কাঁকড়া ধরা, দিবস শ্রম	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৬.	দীপালি রানী মুন্ডা	ইকো পর্যটন	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৭.	মনজুরি মুন্ডা	দিন মজুর , কাঁকড়া ধরা	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৮.	রত্না রানী মুন্ডা	মাছ ধরা, কাঁকড়া ধরা	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৯.	নমিতা মুন্ডা	দিন মজুর	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
১০.	রুহিনী মুন্ডা	দিন মজুর	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
১১.	শ্যামলি মুন্ডা	বাড়ির স্ত্রী	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
১২.	কমলা মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর

এফজিডি নং ৮

তারিখ: ২২.১২.২০ সময়: বিকাল ৩.০০, স্থান: কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	গোপাল চন্দ্র মুন্ডা	গ্রাম পুলিশ, সাংস্কৃতিক কর্মী	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
২.	বাপ্পি মুন্ডা	শিক্ষার্থী, ৪ র্থ বর্ষ, রাষ্ট্রবিজ্ঞান	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৩.	বাবুলাল মুন্ডা	কৃষি	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৪.	শ্রীমতি মুন্ডা	দিন মজুর	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৫.	গোপাল মুন্ডা	কাঁকড়া ধরেন	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৬.	ভাদ্রি মুন্ডা	দিন মজুর	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৭.	সদিত মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৮.	বিনোদ রানী মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
৯.	আর্চোনা মুন্ডা	শিক্ষার্থী, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
১০.	প্রভাত মুন্ডা	শিক্ষার্থী, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
১১.	সুজন মুন্ডা	দিন মজুর	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর
১২.	সুবোল মুন্ডা	কাঁকড়া এবং চিংড়ির পোনা ধরেন	কালিঞ্চি, রামজাননগর, শ্যামনগর

এফজিডি নং ৯:

তারিখ: ২৩.১২.২০ সময়: সকাল ১১.০০, স্থান: ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	রামপ্রসাদ মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
২.	লোখিন্দ্র মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
৩.	হোরেন মুন্ডা,	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
৪.	সুপদ মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
৫.	সুপদু মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
৬.	মন্টু মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
৭.	সুরেন মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
৮.	কবিতা মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
৯.	কল্যাণী মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
১০.	রুকুমনি মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
১১.	কদম মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর
১২.	ফুলবাশী মুন্ডা	কৃষি, দিন মজুর	ডুমুরিয়া, গাবুরা, শ্যামনগর

এফজিডি নং ১০

তারিখ: ২৩.১২.২০ সময়: সকাল ১১.০০, স্থান: পার্শেমারী, গাবুরা, শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	সঞ্জলী মুন্ডা	বাড়ির স্ত্রী, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
২.	নীলা মুন্ডা	বাড়ির স্ত্রী, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
৩.	বিজুল মুন্ডা	বাড়ির স্ত্রী, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
৪.	গয়না মুন্ডা	বাড়ির স্ত্রী, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
৫.	ভগবতী মুন্ডা	বাড়ির স্ত্রী, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
৬.	কালিদাসী মুন্ডা	বাড়ির স্ত্রী, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
৭.	কল্যাণী মুন্ডা	ঘরের স্ত্রী, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
৮.	নোমনী মুন্ডা	বাড়ির স্ত্রী, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
৯.	আবুনি মুন্ডা	কৃষক,দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
১০.	সুবাশ মুন্ডা	কৃষক, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
১১.	মকোম মুন্ডা	কৃষক, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
১২.	সরোশ মুন্ডা	কৃষক, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
১৩.	নগেন মুন্ডা	কৃষক, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
১৪.	হরি মুন্ডা	কৃষক, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
১৫.	আমেশ মুন্ডা	কৃষক, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর
১৬.	বিভাশ মুন্ডা	কৃষক, দিনমজুর	পার্শেমারী, গাবুরা, শ্যামনগর

এফজিডি ১১

তারিখ:২৪.১২.২০ সময়: রাত ১২.০০, স্থান: বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	আশালতা মুন্ডা	দিনমজুর	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
২.	পাকি দাশী মুন্ডা	কাঁকড়া ধরেন	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৩.	উষা রানী মুন্ডা	বাড়ির স্ত্রী, হাঁস এবং মুরগী লালন পালন করছেন	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৪.	কমলা মুন্ডা	দিনমজুর	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৫.	বিনোদিনী মুন্ডা	কৃষক	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৬.	খনেন্দ্রনাথ মুন্ডা	দিনমজুর	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৭.	সন্তোষ মুন্ডা	কৃষক	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৮.	কুসোল্লো মুন্ডা	কাঁকড়া ধরা, মাছ ধরা	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৯.	কল্যাণী মুন্ডা	কাঁকড়া ধরা, মাছ ধরা	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
১০.	সুলতা মুন্ডা	কাঁকড়া ধরা, মাছ ধরা	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর

এফজিডি নং ১২

তারিখ: ২৪.১২.২০ সময়: দুপুর ২.০০, স্থান: বুড়িগোয়ালিনী (বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর

ক্রম.	অংশগ্রহণকারীদের নাম	পেশা	ঠিকানা
১.	রিপন মুন্ডা	ছাত্র	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
২.	কাশ কুমার মুন্ডা	ছাত্র	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৩.	জয়ন্ত মুন্ডা	ছাত্র	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৪.	মনুবালা মুন্ডা	হাতের কারুকাজ	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৫.	শিবানী মুন্ডা	ছাত্রী	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৬.	রেণুকা মুন্ডা	ছাত্রী	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৭.	আখি মুণ্ডা	হাতের কারুকাজ	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৮.	সরমনি মুণ্ডা	হাতের কারুকাজ	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর
৯.	বিজলী মুণ্ডা	হাতের কারুকাজ	বুড়িগোয়ালিনী (মুন্ডা বারাক), বুড়িগোয়ালিনী, শ্যামনগর

সংযুক্তি ৩: মুন্ডা সম্প্রদায়ের সাথে আইপিপি জাচাই-বাচাই করণ (Validation of IPP with Munda communities)

ক্ষুদ্র নৃগোষ্ঠী দের সাথে পরামর্শ সভার প্রতিবেদন
২-৩ নভেম্বর ২০২২

নির্বাহী সারসংক্ষেপ (Executive Summary)

ভূমিকা (Introduction)

GCF UNDP প্রকল্প "জলবায়ু পরিবর্তন-জনিত লবণাক্ততা মোকাবেলায় উপকূলীয় সম্প্রদায়ের, বিশেষ করে নারীদের অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করা" ক্ষুদ্র নৃগোষ্ঠী দের যারা প্রকল্পের কর্ম এলাকায় বসবাস করছে তাদের প্রতি পূর্ণ সমর্থন বজায় রাখার জন্য ক্ষুদ্র নৃগোষ্ঠী দের পরিকল্পনা (আইপিপি) প্রণয়ন করা হয়েছে। তাদের মানবাধিকার (আত্ম-মর্যাদার অধিকার, ভূমি, সম্পদ এবং অঞ্চলগুলিতে অ্যাক্সেস এবং ঐতিহ্যগত জীবিকা ও সংস্কৃতির অনুশীলন)-কে প্রভাবিত করতে পারে এমন প্রকল্প কার্যক্রমগুলি তাদের সম্পূর্ণ এবং কার্যকর অংশগ্রহণের মাধ্যমে ডিজাইন করা হয়েছে। এই আইপিপি তাদের জমি, সম্পদ এবং বসবাস অঞ্চলগুলি সহ মুন্ডাদের ক্ষতিকর ভাবে প্রভাবিত করে এমন উন্নয়নের উপর তাদের একটি নিয়ন্ত্রণ সংরক্ষণ করে, তাদের দৃষ্টিভঙ্গি এবং স্ব-পরিচিত উন্নয়ন অগ্রাধিকারের সাথে তাদের জড়িত প্রকল্প কার্যক্রমগুলিকে সারিবদ্ধ করে এবং তাদের ন্যায্য এবং ন্যায়সঙ্গত সুবিধা এবং সুযোগ প্রদান করে। একটি সাংস্কৃতিকভাবে উপযুক্ত পদ্ধতি, প্রকল্প পরিচালনায় অংশগ্রহণের সমান সুযোগ এবং প্রকল্প অভিযোগ ব্যবস্থাপনা সিস্টেম এবং/অথবা UNDP এবং GCF এর জবাবদিহিতা পদ্ধতিতে সাংস্কৃতিকভাবে উপযুক্ত সুযোগ প্রদান করে।

এই আইপিপি প্রকল্পের প্রথম ধাপের আওতায় ১০১টি ওয়ার্ডের উপর দৃষ্টি নিবদ্ধ করে এবং এটি জাতীয় আইন ও প্রবিধান, প্রকল্পের ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের পরিকল্পনা কাঠামো ২০১৮, ইউএনডিপির সামাজিক ও পরিবেশগত মান ৬ ২০২১ (ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণ) এবং GCF-এর ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগোষ্ঠী ২০১৮-এর সম্পূর্ণ সম্মতিতে প্রতিষ্ঠিত হয়েছে। এই আইপিপি চূড়ান্তকরণের অংশ হিসেবে আইপিপি-তে কার্যক্রমের প্রস্তাবনা এবং আইপিপি-র গ্যাপ পূরণের জন্য, অতিরিক্ত তথ্য সংগ্রহের জন্য এবং বৈধকরণের জন্য দুটি পরামর্শ সভার আয়োজন করা হয়েছিল।

পরামর্শ সভার উদ্দেশ্যঃ

- আইপিপির খসড়াতে যে ডেটা এবং তথ্য প্রদান করা হয়েছে সেগুলি যাচাই-বাচাই করা
- খসড়া আইপিপিতে প্রস্তাবিত কার্যক্রমের বিষয়ে সম্মতি গ্রহণ করা, এবং
- খসড়া আইপিপির গ্যাপ পূরণের জন্য অতিরিক্ত তথ্য সংগ্রহ করা।

পরামর্শ সভার পদ্ধতিঃ

দুটি পরামর্শ সভার আয়োজন করা হয়, একটি শ্যামনগর উপজেলায় এবং আরেকটি কয়রা উপজেলায়। সভায় শ্যামনগর উপজেলার মুন্সীগঞ্জ ইউনিয়ন ভিত্তিক সুন্দরবন ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা সংস্থা (SAMS) এবং কয়রা উপজেলার উত্তরবেদকাশী ভিত্তিক ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা উন্নয়ন বহুমুখী সমবায় সমিতির সদস্যদের আমন্ত্রণ জানানো হয়। প্রতিটি পরামর্শ সভায় সংগঠনের ২৫ জন সাধারণ সদস্য এবং ৭ জন নির্বাহী সদস্যকে আমন্ত্রণ জানানো হয়েছিল।

উপজেলা	সংস্থার নাম	পুরুষ	নারী	মোট
শ্যামনগর	সুন্দরবন ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা সংস্থা (SAMS)	১৪	৯	২৩
কয়রা	ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা উন্নয়ন বহুমুখী সমবায় সমিতি লিমিটেড	১২	১৭	২৯

আইপি সংস্থাগুলির সভাপতি/নির্বাহী পরিচালকের সাথে পরামর্শ করে মিটিংয়ের স্থান এবং সময় নির্বাচন করা হয়েছিল। সংস্থাগুলির সভা কক্ষে মিটিংয়ের আয়োজন করা হয়েছিল যেখানে তারা নিয়মিত মিটিং করে এবং কথা বলতে স্বাচ্ছন্দ্য বোধ করে। বৈঠকের তারিখের দুই দিন আগে আইপি সংস্থাগুলির সভাপতি/নির্বাহী পরিচালক কর্তৃক অংশগ্রহণকারীদের আমন্ত্রণ এবং পরবর্তীতে প্রকল্পের RP-NGO দ্বারা ফলোআপ করা হয়েছিল।

প্রজেক্ট সেফগার্ড টিম একটি নির্ধারিত চেকলিস্ট অনুসরণ করে সেশনগুলি পরিচালনা করেছে এবং আলোচনার নোট নিয়েছে। প্রকল্পের সংশ্লিষ্ট ওয়ার্ড ফ্যাসিলিটেটর যিনি মুন্ডা সম্প্রদায়ের অন্তর্গত তিনি সহ-সুবিধাকারী হিসাবে নিযুক্ত ছিলেন যিনি প্রয়োজনে আলোচনার অনুবাদ এবং/অথবা সহযোগিতা করেছেন।

আলোচনাটি বৃহৎ গ্রুপ আলোচনা এবং ছোট গ্রুপ আলোচনার মাধ্যমে পরিচালিত হয়েছিল। প্রাথমিকভাবে, কিছু সাধারণ তথ্য (যেমন প্রকল্প ওভারভিউ, কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি ইত্যাদি) নিয়ে বৃহৎ গোষ্ঠী আলোচনার মাধ্যমে পরামর্শ শুরু হয়েছিল যা অন্তর্দৃষ্টি বোঝার জন্য ছোট দল আলোচনার মাধ্যমে অনুসরণ করা হয়েছিল (যেমন কার্যকলাপ নির্দিষ্ট ঝুঁকি এবং প্রভাব, স্ব-সংকল্পের অধিকার, অ্যাক্সেস জমি, সম্পদ এবং অঞ্চল এবং ঐতিহ্যগত জীবিকা ও সংস্কৃতির অনুশীলন ইত্যাদি)

প্রাপ্ত তথ্য সমূহের সারাংশ (Summary of Findings)

- জিসিএ কর্মএলাকায় ১২৫টি মুন্ডা পরিবার (শ্যামনগর উপজেলায় ৯৪টি পরিবার এবং কয়রা উপজেলায় ৩১টি পরিবার) রয়েছে।
- সমভূমির ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায় হওয়ায়, তিন শতাব্দী ধরে তারা ইতিমধ্যেই বাঙালি সম্প্রদায়ের সাথে, বিশেষ করে হিন্দু ধর্মীয় সম্প্রদায়ের সাথে মিশে গেছে। তাদের জাতিগত সত্তা তাদেরকে অন্যান্য গোষ্ঠী থেকে আলাদা করে। কিন্তু, আশেপাশের সম্প্রদায়ের সাথে নিবিড়ভাবে মেলামেশার কারণে, তারা তাদের নিজস্ব ঐতিহ্যে প্রায় হারিয়ে ফেলেছে এবং হারিয়ে যাওয়া একটি জাতি হওয়ার পথে।
- বর্তমানে মুন্ডা সম্প্রদায়ের প্রায় ৬০% ভূমিহীন। হয় তারা সরকারি খাস জমিতে অথবা অন্যের সম্পত্তিতে বসবাস করে। অংশগ্রহণকারীরা দাবি করেন যে, অধিকাংশ খাস জমিতে তারা যে বসবাস করছেন তা সরকারীভাবে ডিসিআর দ্বারা বরাদ্দ না থাকায় তারা অনিশ্চয়তার সাথে ঝুঁকিপূর্ণ অবস্থায় বসবাস করছেন।
- তিনটি ক্ষুদ্র নৃগোষ্ঠী সংগঠন রয়েছে [শ্যামানগর উপজেলায় সুন্দরবন ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ডা সংস্থা (এসএএমএস) এবং কয়রা উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠী মুন্ড উন্নয়ন বহুমুখী সমবায় সমিতি লিমিটেড এবং নৃতাত্তিক সমবায় সমিতি লিমিটেড]। সংস্থাগুলি সরকারী নিবন্ধন পেয়েছে এবং বর্তমানে তাদের অধিকার রক্ষায় এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী দের আর্থসামাজিক উন্নতিতে খুব সক্রিয় রয়েছে।
- প্রতিটি গ্রামে তাদের নিজস্ব ব্যবস্থাপনা কাঠামো রয়েছে যা ৩ জন সদস্য দ্বারা গঠিত (মোড়ল, পাশ মোড়ল এবং নারী পাশ মোড়ল)। ২০২১ সালে, গ্রাম পর্যায়ের ব্যবস্থাপনা কমিটিগুলো গ্রামবাসীদের দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী সংস্থাগুলি দ্বারা অনুমোদিত হয়েছিল।

সুপারিশ সমূহ: গ্রাম পর্যায়ের ব্যবস্থাপনা কমিটি অভিযোগ নিরসন ব্যবস্থা (GRM) এবং প্রাক-অবহিতকরন ও সম্মতি গ্রহণের (FPIC) কেন্দ্রবিন্দু হওয়া উচিত। তাদের অভিযোগ দায়ের করার জন্য এবং প্রকল্পে সম্মতি প্রদানের জন্য তাদের PMU-তে সরাসরি যোগাযোগের সুযোগ থাকতে হবে।

১. পরামর্শ সভা, শ্যামনগর উপজেলা, সাতক্ষীরা

স্থান: সুন্দরবন আদিবাসি মুন্ডা সংস্থার সভাকক্ষ, মুন্সীগঞ্জ, শ্যামনগর উপজেলা

তারিখ: নভেম্বর ০২, ২০২২ (বিকাল ০২ টা – বিকাল ০৫ টা)

জনমিতিক এবং জাতিগত তথ্য (Demographic Information and Ethnicity)

মুন্ডা জনগোষ্ঠী ভারত থেকে প্রায় ৩০০ বছর আগে বাংলাদেশে আসে এবং তখন থেকে বাংলাদেশের খুলনা, যশোর, জয়পুরহাটে এবং শ্যামনগর উপজেলায় সুন্দরবনের কাছাকাছি অঞ্চলে এরা বসবাস করছে। তাদের স্বতন্ত্র ভাষা, নিজস্ব সংস্কৃতি এবং রীতিনীতি রয়েছে এবং স্থানীয় পর্যায়ে মূলত কৃষি কাজ করে জীবিকা নির্বাহ করে। মুন্ডা সম্প্রদায়ের জাতিগত সত্তা অন্যান্য জনগোষ্ঠী থেকে স্বতন্ত্র, কিন্তু, মূলধারার জনগোষ্ঠীর সাথে পাশাপাশি বসবাসের জন্য দিনে দিনে তাদের নিজস্ব ঐতিহ্য হারিয়ে যাচ্ছে এবং ক্রমশ বিস্মৃতির দ্বারপ্রান্তে এসে দাঁড়িয়েছে।

শ্যামনগর উপজেলায় এই প্রকল্পের উপকারভোগীদের খানার বিস্তার				
উপজেলা	ইউনিয়ন	ওয়ার্ড	ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণ	
			গ্রাম	পরিবার সংখ্যা
শ্যামনগর	বুড়িগোয়ালিনি	৪	বুড়িগোয়ালিনি	১১
		৭	দাতিনাখালি	৩২
	গাবুরা	৫	পারশেমারি	১৩
		৭	ডুমুরিয়া	০৫
	রামজাননগর	৯	কালিঞ্চি	৩০
	আটুলিয়া	৪	মাগুরাকুনি	০৩
সর্বমোট		৬টি ওয়ার্ড	৬টি গ্রাম	৯৪ টি পরিবার

শ্যামনগর উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠী দের জনমিতিক বিস্তার

জমির মালিকানা এবং ভূমি অধিকার (Legal Rights to Land Ownership and Access to Land)

রাষ্ট্রীয় প্রজাস্বতত্ব আইন ১৯৫০ (৯৭) অনুসারে, ক্ষুদ্র নৃগোষ্ঠী দের জমি সংরক্ষিত, এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী দের বাইরে কারো কাছে জমি বিক্রয় এবং হস্তান্তরের সুযোগ সীমিত। কিন্তু বছরের পর বছর ধরে, মুন্ডা সম্প্রদায়ের জমি স্থানীয় অভিজাত এবং প্রভাবশালীরা আইনের ফাঁকফোকর ব্যবহার করে বা শোষণের মাধ্যমে অধিগ্রহণ করেছে।

ঐতিহাসিকভাবে, মুন্ডা সম্প্রদায়কে সুন্দরবন অঞ্চলে গাছ কেটে বন পরিষ্কার করে সেখানে কৃষিকাজ শুরু করে। তাদের নেতাদের 'সর্দার' এবং শ্রমিকদের 'কুলি' বলে ডাকা হত। কালক্রমে, 'সর্দার', 'কুলি' উপাধিগুলো তাদের নামের সাথে যুক্ত হওয়া শুরু করে যেটা তাদের শোষণের পথ খুলে দেয়। যেহেতু 'সর্দার' মুসলিম ও হিন্দু জনগোষ্ঠীর ব্যবহার করা একটি সাধারণ উপাধি, তাই অনাদিবাসী এবং স্থানীয় প্রভাবশালীরা মুন্ডাদের জমি অধিগ্রহণের জন্য এই সুযোগটা গ্রহণ করে। বর্তমানে শ্যামনগরে বসবাসকারী মুন্ডা সম্প্রদায়ের প্রায় ৬০% ভূমিহীন। দাতিনাখালী ইউনিয়নের প্রায় সব মুন্ডা জনগোষ্ঠী হয় খাস জমিতে নয়ত অন্যের জমিতে বসবাস করছে। আলোচনা সভায়, তারা অভিযোগ করেন যে, তারা যেসব খাস জমিতে বসবাস করছেন, তার বেশিরভাগই ডিসিআর দ্বারা আনুষ্ঠানিকভাবে তাদেরকে বরাদ্দ দেওয়া হয়নি, তাই তারা অনিশ্চয়তার সাথে অরক্ষিত অবস্থায় বসবাস করছে।

পানীয় জলের ব্যবস্থা (Access to Drinking Water)

ক্রমবর্ধমান লবণাক্ততার কারণে মুন্ডা সম্প্রদায়ের জন্য পানীয় জলের সংকট একটি গুরুতর সমস্যা। মুন্সীগঞ্জ, বিশেষ করে ০৩ নং ওয়ার্ডের, জেলেখালি গ্রামের বেশ কয়েকটি স্থানে তীব্র পানীয় জলের সঙ্কট রয়েছে। জিসিএ প্রকল্প বসতবাড়ি ভিত্তিক, প্রতিষ্ঠান ভিত্তিক এবং কমিউনিটি ভিত্তিক বৃষ্টির জল সংরক্ষণে সহায়তা প্রদান করছে, যার মাধ্যমে বছরব্যপী নিরাপদ পানীয় জলের সরবরাহ নিশ্চিত হয়। এছাড়া প্রকল্পটি পুকুর-ভিত্তিক আল্ট্রাফিল্ট্রেশন সিস্টেমের ব্যবহার করে পানীয় জল সরবরাহেরও ব্যবস্থা করছে। যদিও ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিবারগুলোকে জিসিএ প্রকল্প থেকে বসতবাড়ি -ভিত্তিক পানীয় জল সমাধান সরবরাহ করার ম্যান্ডেট ছিল; কিন্তু প্রকল্পের বাস্তবায়ন সহযোগী এনজিওর কাছ থেকে প্রাপ্ত তথ্য থেকে দেখা যায়, শ্যামনগর উপজেলার প্রকল্প এলাকার চিহ্নিত ৯৪ টি মুন্ডা পরিবারের মধ্যে মাত্র ৩৮% পরিবার বসতবাড়ি -ভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ব্যবস্থার জন্য সহযোগিতা পেয়েছে।

শ্যামনগর উপজেলার প্রকল্প ইউনিয়নে উপকারভোগীদের খানার বিস্তার						
উপজেলা	ইউনিয়ন	ওয়ার্ড	ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণ			
			গ্রাম	পরিবার সংখ্যা	বসতবাড়িতে বৃষ্টির পানি সংরক্ষণ সুবিধা	না পাওয়ার কারণ
শ্যামনগর	বুড়িগোয়ালিনি	৪	বুড়িগোয়ালিনি	১১	০	বিকল্প পানীয় জলের ব্যবস্থা আছে।
		৭	দাতিনাখালি	৩২	১১	২১ টি পরিবারে কারিতাস থেকে প্রাপ্ত ট্যাংক রয়েছে।
	গাবুরা	৫	পারশেমারি	১৩	০	সকলের কাছে কারিতাস থেকে প্রাপ্ত ট্যাংক রয়েছে।
		৭	ডুমুরিয়া	০৫	৪	১ টি পরিবারে কারিতাস থেকে প্রাপ্ত ট্যাংক রয়েছে।
	রামজাননগর	৯	কালিঞ্চি	৩০	২১	০৩ টি পরিবারের কাছে পানির ট্যাংক আছে, ০৬ টি পরিবার কমিউনিটির গভীর নলকূপ থেকে পানি সংগ্রহ করে।
	আটুলিয়া	৪	মাগুরাকুনি	০৩	০	NID কার্ডে হিন্দু উল্লেখ থাকায় উপকারভোগী হিসাবে ক্ষুদ্র নৃগোষ্ঠী হিসাবে অন্তর্ভুক্ত হয়নি।
সর্বমোট		৬টি ওয়ার্ড	৬টি গ্রাম	৯৪ টি পরিবার	৩৬ টি পরিবার	

আলোচনা সভায়, মুন্ডা সম্প্রদায়ের প্রতিনিধিরা প্রদত্ত ট্যাঙ্কগুলির ধারণ ক্ষমতা সম্পর্কেও উদ্বেগ প্রকাশ করেছিল। দিনমজুর এবং শ্রমিকদের সাধারণত বরাদ্দকৃত ২ লিটারের চেয়ে বেশি পানীয় জলের প্রয়োজন হয়। উপরন্তু, জলবায়ু পরিবর্তনের জন্য, শুষ্ক মৌসুম এখন দীর্ঘায়িত যার ফলে বর্ষা আসার অনেক আগেই সঞ্চিত বৃষ্টির জল শেষ হয়ে যেতে পারে, বিশেষত গ্রীষ্মকালে যখন পানির প্রয়োজন সবচেয়ে বেশি তখন কোন জল সঞ্চিত থাকবে না। অংশগ্রহণকারীরা আরও জানিয়েছেন যে, গ্রীষ্মকালে পুকুরের জলের গুণমানও হ্রাস পায়, জলের স্তর নীচে নেমে যাওয়ার সাথে সাথে পানি ঘোলাটে এবং দুর্গন্ধযুক্ত হয়ে যাওয়ার কারণ পানি খারাপ ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়ে।

স্থানীয় জনগোষ্ঠী, বছরব্যপী পানি সরবরাহ নিশ্চিত করার জন্য রিভার্স অসমোসিস প্ল্যান্টকে সুপারিশ করেছিল। একই সাথে মুন্ডা সম্প্রদায়ের বেকার যুবরা এখান থেকে পানি সংগ্রহ করে গৃহস্থালীতে সরবরাহ করে বিকল্প জীবিকার ব্যবস্থা নিশ্চিত করতে পারে।

প্রচলিত জীবিকা ও পছন্দসই বিকল্প জীবিকা (Traditional Livelihood and Livelihood Choices)

ঐতিহ্যগতভাবে মুন্ডা সম্প্রদায় কৃষি কাজে দক্ষ। তারা ভারত থেকে এ অঞ্চলে এসে, বন পরিষ্কার করে চাষাবাদ শুরু করে। কৃষিকাজ ছাড়াও তারা নদী থেকে মাছ ধরে, সুন্দরবন থেকে কাঠ ও মধু সংগ্রহ করে এবং নদী থেকে চিংড়ির পোনা ধরে জীবিকা নির্বাহ করে। মুন্ডারা ঝুড়ি বোনা এবং সেলাইয়ের কাজেও খুব পারদর্শী। এছাড়াও স্থানীয় ব্যবসায়ীরা সুন্দরবন থেকে প্রাকৃতিক সম্পদ সংগ্রহের জন্য মুন্ডা জনগোষ্ঠীকে শ্রমিক হিসাবে ব্যবহার করে থাকে।

আলোচনা সভায় উপস্থিত মুণ্ডা সম্প্রদায়ের প্রতিনিধিরা জানান, যাদের নিজস্ব জমি আছে তারা প্রধানত কৃষিজীবি। তবে যাদের নিজস্ব জমি নেই তারা কৃষি ও মৎস্য খামারে শ্রমিক হিসেবে কাজ করে। কৃষি কাজের জন্য তারা ধান চাষ করতে পছন্দ করে কারণ এটি কেবল তাদের কেবল খাদ্যই সরবরাহ করে না, গবাদি পশুর খাদ্য এবং জ্বালানী সংকটও সমাধান করে। মুন্ডা জনগোষ্ঠীর একটি বড় অংশ বন ও প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল, মৌসুম আসলে তারা বন থেকে মাছ, মধু এবং কাঁকড়া সংগ্রহ করে। এছাড়াও তারা অন্যান্য ধরনের দিন মজুরী, যেমন: ভ্যান, ইজি বাইক চালানো ইত্যাদির সাথেও তারা জড়িত। অনেকের ছোটখাট ব্যবসা রয়েছে। এছাড়াও একটা অংশ শুষ্ক মৌসুমে ইটের ভাটায় কাজ করার জন্য অন্যত্র যায়।

জিসিএ প্রকল্প থেকে যে সকল জীবিকায় সহায়তা প্রদান করা হচ্ছে তার মধ্যে বসতবাড়িতে সবজি চাষ, হাইড্রোপনিক, অ্যাকুয়াজিওপনিক এবং কাঁকড়া চাষ তাদের জন্য উপযুক্ত তবে সবজি চাষ বাদে বাকি জীবিকাগুলির জন্য মূলধন ও প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন। এছাড়াও, তারা জানিয়েছে যে, প্রতিকূল পরিবেশের কারণে শ্যামনগরে তিল চাষ হয় না।

আলোচনায় মুন্ডা সম্প্রদায়ের প্রতিনিধিদের কাছ থেকে জলবায়ু সহনশীল বিকল্প যে জীবিকাগুলির প্রস্তাব এসেছিল, সেগুলো হল: হস্ত ও কুটির শিল্প, সেলাইয়ের কাজ, ক্ষুদ্র ব্যবসা (যেমন: ছোট মুদিখানা, চায়ের স্টল) এবং যন্ত্রপাতি মেরামতের কাজ (যেমন মোবাইল ফোন, বৈদ্যুতিন সরঞ্জাম, মোটরসাইকেল, ভ্যান, ইজিবাইক ইত্যাদি)।

এছাড়াও ইকো ট্যুরিজমকে তারা একটি আকর্ষণীয় বিকল্প জীবিকা হিসাবে চিহ্নিত করেছে। মুন্ডা সম্প্রদায়ের হারাতে বসা ঐতিহ্য ও সংস্কৃতির কথা মাথায় রেখে, রিলিফ ইন্টারন্যাশনালের-ইউকে শ্যামনগরের কালিঞ্চি থানার অধীনে বসবাসকারী মুন্ডা সম্প্রদায়ের সাথে কাজ শুরু করে। এই প্রকল্পের মাধ্যমে, কারামুরা ম্যানগ্রোভ ভিলেজে ইকো কটেজ তৈরি করা হয়েছে এবং স্থানীয় সম্প্রদায়ের সদস্যদের ইকো-গাইড হিসাবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এর ফলে একই সাথে যেমন স্থানীয় জনগোষ্ঠীর জন্য জীবিকার সুযোগ সৃষ্টি করা যাচ্ছে, সাথে সাথে স্থানীয় সাংস্কৃতিক ঐতিহ্য এবং সুন্দরবনের জীববৈচিত্র্য রক্ষারও সুযোগ তৈরী হচ্ছে।

জেন্ডার বিষয়ক (Gender Issues)

